


## উত্তরন

“অসতো মা সতগময়, তমসো মা জ্যোতিগময়,”  
অন্ধকারকে দূর করে আলোর পথে চলার নামই  
তো হল জীবন। জীবনের প্রতি পদক্ষেপে কারনে  
অকারনে আমরা অন্ধকার অনুসরণে ব্যস্ত। কিন্তু  
যখন চলার পথে আমাদের সাথে দেখা হয়  
কোনো সঠিক পথ প্রদর্শকের, তখনই আমরা  
অন্ধকার পথ ভুলে সঠিক পথে অনুসৃত হই।  
আর এই পথ প্রদর্শক হলেন মানুষের জ্ঞান।  
কবিগুরুর ভাষায় - “চিত্ত যেথা ভয়  
শূন্য, উচ্চ যেথা শির, জ্ঞান যেথা মুক্ত সেথা  
গৃহের প্রাচীর”। মানুষের জ্ঞানের ফলেই সৃষ্টি  
হয়েছে আমাদের এই তিলোত্তমা সভ্যতা।  
আবার মানুষেরই অসচেতনতা বা অজ্ঞানতার  
জন্য আমাদের সভ্যতা আজ ধ্বংস মুখে  
পতিত। পাঠ্যপুস্তক কেন্দ্রীক বর্তমান জ্ঞানের  
ফলে সাধারণভাবে শিক্ষার পরিধি বিস্তার লাভ  
করলেও মানুষের বিচারবোধের মানদণ্ড  
দিনদিন হ্রাস পাচ্ছে এবং এর ফলে সৃষ্টি  
হচ্ছে পরিবেশ, সমাজ তথা সভ্যতার উপর  
বিশাল চাপের। তাই আজ আমাদের  
প্রয়োজন সার্বিক শিক্ষা বা জ্ঞানের।

বিগত বছরের মতো এই বছরও  
উত্তরন শারদ সংখ্যা বইখানা প্রকাশ করলাম।  
শিক্ষা, সমাজ, সংস্কৃতি, বিজ্ঞান প্রভৃতি বিষয়  
নিয়ে যথাসাধ্য ইহাকে ফুটিয়ে তোলার চেষ্টা  
করেছি। পূজোর দিনগুলোতে আমাদের এই  
ক্ষুদ্র প্রয়াস যদি আপনাদের হৃদয়ঙ্গনে  
সামান্য জায়গা করে নিতে পারে তবেই  
আমাদের এই প্রয়াস সার্থক রূপ ধারণ  
করবে।

ধন্যবাদান্তে  
প্রকাশক  
Growing Seed

GROWING SEED  
DHARMANAGAR, TRIPURA (IN)





## সূচিপত্র

| <u>বিষয়</u>   | <u>লেখকের নাম</u>    | <u>পৃষ্ঠা</u> |
|--|----------------------|---------------|
| তিলোত্তমার বাসনা   | নির্বর পাল           | 1             |
| অপহরন  | বিধান দে             | 2             |
| ডাইরীর পাতা  | বিধান দে             | 3             |
| CHILD LABOUR –<br>grave social issue in India              | Dr. R.K Mishra       | 4             |
| কলি-বিচিত্রা   | অরবিন্দ চক্রবর্তী    | 7             |
| আমার জীবন  | বাবাই                | 8             |
| দুঃস্থমি   | বাবাই                | 8             |
| Fascinating  | Dr. SumanAdhikari    | 9             |
| Quasicrystals  |                      |               |
| শিক্ষক   | তাপস কুমার দে        | 12            |
| Microbes in<br>human welfare                               | Abhijit Datta        | 13            |
| জীবন   | দেবজ্যোতি আচার্য     | 16            |
| ভারতীয় সংস্কৃতি ও<br>নারীর অবস্থান                        | দেবানীষ দাস          | 17            |
| Stem Cells –<br>The Future of Therapeutics                 | Probal Kr. Chowdhury | 19            |
| কম্পিউটার  | দেবজিৎ চৌধুরী        | 20            |
| Importance Of Mushroom<br>Cultivation In The State Tripura | Dr. R.R Dwivedi      | 21            |
| পরিবেশ সুরক্ষায় ভার্মি-কম্পোস্ট                           | দিপঙ্কর গুপ্ত        | 23            |
| ছোট বেলা   | দেবজিৎ চৌধুরী        | 24            |
| Global music of our<br>surroundings since 1990             | Niloy Sarkar         | 25            |

|   |                        |    |
|---|------------------------|----|
| শরৎকাল                                  | দেবজিৎ চৌধুরী          | 27 |
| মাতৃভূমি                                | দিপঙ্কর দেবনাথ         | 27 |
| ওটা কি?                                 | কপিল দেব               | 28 |
| Michael Madhusudan Datta                | Saurabh Nath           | 30 |
| টাকার ইতিবৃত্ত                          | শুভ্রদীপ ভট্টাচার্য    | 31 |
| ইচ্ছা পূরণ                              | দীপালোক ভট্টাচার্য     | 33 |
| Noose : Shame for<br>Every Soul-Owner   | Mainak Roy             | 34 |
| বিদ্যালয়                               | দেবজিৎ চৌধুরী          | 36 |
| সার্বশতবর্ষের আলোকে বিবেকানন্দ          | মনোরঞ্জন নাথ           | 37 |
| মনচায়                                  | দেবজ্যোতি আচার্য       | 38 |
| মন খারাপ আমাদের ধর্মগরের                | বিজন দেব               | 39 |
| যুবসমাজ কোন দিকে                        | স্বপন ধর               | 40 |
| মর্যাদা                                 | স্বপন ধর               | 41 |
| দূর্গা পূজা বাঙালীর শ্রেষ্ঠ উৎসব        | রজত নাথ                | 42 |
| জীবানু                                  | স্বপন ধর               | 43 |
| গাছের মহা শত্রু- কৃমি                   | ডঃ রনেন্দ্র চন্দ্র নাথ | 44 |
| গণিত আকাশের উজ্জ্বলতম তারকা<br>“অয়লার” | শ্রী মাখন গোস্বামী     | 46 |
| কিছু জানা-অজানা তথ্য                    |                        | 48 |



## তিলোত্তমার বাসনা

--নির্ব্বার পাল

অতীত-বর্তমান-ভবিষ্যৎ নিয়ে আমি বিনিসুতোয় গ্রহন করে চলেছি এক অখন্ড মালা, আর সেই মালা গ্রহনের পথে পথে আমার গ্রথিত মালা থেকে খসে খসে পড়েছে শত সহস্র পুষ্পরাজি, আর সেই পুষ্প সুবাসে সুবাসিত হয়েছে তোমাদের সভ্যতা।

আমার বুকেই নন্দনের আশীর্বাদ নিয়ে এসেছিলেন, তোমাদের কবিগুরু- রবীন্দ্রনাথ। আমাকে 'মা' বলে, 'দেবী' বলে সম্বোধন করেছিলেন তিনি, যাকে তোমরা 'সাহিত্য সম্রাট' আখ্যায় আখ্যায়িত করেছিলে, আমার হৃৎস্পন্দনে স্পন্দিত হয়েছিল আরেক দীপ্ত হিরনয় সত্ত্বা, যার নাম- বিদ্যাসাগর। যুগে যুগে কত কবির গানে, কত সাহিত্যিকের ছোঁয়ায় আমি হয়েছি বন্দিতা, হয়েছি পূজিতা।

তোমাদের জন্য, তোমাদের উন্নতির জন্য নিজের বিলাসবৈভব ত্যাগ করে, আমার বুকেই আয়ার্ল্যান্ড দুহিতা মার্গারেটের অবাধ পদসঞ্চর 'হিংসায় উন্মত্ত পৃথ্বী' তে শান্তি বাণী প্রেরণ করলেন, আরেক প্রবাসী- আত্মজা, যে আমার কল্লোলিনী রূপ মাধুরীতে এসে নাম নিয়েছিলেন মাদার টেরেসা। আমার শান্ত নিরালো গৃহকোণে বিশ্বকবি শান্তির আবাস শান্তিনিকেতন স্থাপন করলেন, আমি ধন্য হলাম দক্ষিণেশ্বর- বেলুড়মঠকে বুকে ধারণ করে, ধন্য হলাম লালকেল্লা-তাজমহলের স্পর্শে। আমি অভিভূত, হলাম মহাবলীপুরমের, অজন্তা-ইলোরার স্থাপত্যে আমার সৌন্দর্য্য বৃদ্ধি করে, মুঞ্চ হলাম দিগন্তবিস্তারী সাগরের সুনীল জলধিকে আমার চরণবন্দনা করতে দেখে।

আবার আমারই বুক চিরে তোমাদের সুখের জন্য আমি তৈরী করেছি, মেট্রো, তৈরী করেছি ট্রামলাইন, তৈরী করেছি কত না রেলপথ, তৈরী করেছি কতই না সুখের আতিশয্য।

কিন্তু আজ কোথায় রবীন্দ্রনাথ- বিবেকানন্দ- সুভাষের পারিজাতের সুবাস ? আজ হিংস্র কীটদংশনে আমি কীটদন্ড। প্রতিদিন আমার বক্ষ পঞ্জর ভেঙে যায় প্রোমোটারের বুলডোজারের আঘাতে আঘাতে। আজ আমার বক্ষে নোংরা রাজনীতিবিদের পদস্থাপন, আমার বক্ষতল রঞ্জিত হয় নিরীহ মানুষের বক্ষ রক্ত ধারায়। আমি চোখ মেলে তোমাদের প্রগতিবাদী সভ্যতার নীরব সাক্ষী হয়ে দেখি, পতিতালয় ভরে যায়, তোমাদের মতো ভ্রম মুখোশধারীদের মিছিলে, তারপরও তো ধর্ষণের খবর খবর-কাগজকে লজ্জায় মুখ লুকোতে বাধ্য করে। আমার বুকেই জ্ঞানবৃক্ষের ফল দিয়ে তিল তিল করে গড়ে উঠেছিল, তোমাদের আজকের এই তিলোত্তমা সভ্যতা, আর আজ তোমাদের দর্পচূর্ণ করার জন্য আমার বুকেই ঘুরে বেড়াচ্ছে 'কালব্যাদি'র প্রতিনিধিরা।

দেখো, ভালো করে তাকাও মাথার উপরের অসীম শূন্যতায়। সেখানে সুনীল আকাশ নেই। তোমাদের পাপের ধোঁয়া মেঘ হয়ে তাকে করেছে ঘনকৃষ্ণবর্ণ, এখুনি উঠবে প্রলয়ঙ্কর বাড়, সমস্ত বিশ্বচরাচর স্তব্ধ হয়ে যাবে। প্রচন্ড বৃষ্টি ধারায়, বজ্রপাতে ধ্বংস হয়ে যাবে, চূর্ণ হয়ে যাবে, তোমাদের আধুনিক সভ্যতা, উন্নত সভ্যতা, প্রগতিশীল সভ্যতা।

আমি শুধু তাকিয়ে দেখব, আর অপেক্ষা করব, আমার বুকেই হ্যাঁ হ্যাঁ এই কল্লোলিনীর বুকেই নেমে আসুক নব উনবিংশ শতাব্দী, ধন্য হবে আমার জীবন, সেই নব শতাব্দীর আলোকদূতদের স্পর্শলাভে, গড়ে উঠবে পুনর্যম্মত এক নব সভ্যতা, যেখানে নেই কোনো কলঙ্ক, নেই কোনো কালিমা, শুধুই আলো, শুধুই 'আলোয় আলোকময়'।

## অপহরণ

--বিধান দে

বন্ধুরা যে যার গেছে ফিরে ঘরে, সাড়াশব্দ নেই  
ভেবে আমি আলো নিয়ে যেই- নেমেছি পথে  
রোগা রোগা পথগুলো সব ট্রাফিকের শীর্ণ হাতে  
জেব্রা ক্রসিং আঁকে! চাঁদটা তখন ঢলে রয়েছে পশ্চিমেই  
দু'একটা নেড়ি কুকুরের কর্কশ ভোঙ্কণে আমি জড় সড় হই।  
ওমনি মুখোমুখি টাটা-সুমো তীব্র লাইট ফেলে  
দশাশই হাত-গুলো আমার ঠুঁটি টিপে ধরে।  
আমি বলি- কে ? কে তোমরা ? বন্ধু তো নও !  
প্লিজ ছেড়ে দাও। এভাবে পাগল ছাড়া আমাকে ধরে- কেও !  
ওরা আরো চাপ বাড়ায় অস্ট্রোপাসের মত।  
পাখির মতো চিঁচিঁ করি কথা বলি যত,  
'ধমক দিয়ে বলে ওরা চুপটি করে থাকো।'

কারো সাতে-পাঁচে নেই যে আমি, আমার  
মতোই আছি। আর ভুল বসতঃ ভালবেসে  
কবিতা নিয়ে বাঁচি।  
আকাশ জোড়া রামধনুতে বানিয়েছি একঘর  
গুধু এটুকুই অপরাধ আমার।

ওরা দূরে আরো দূরে- পথের কিনারে  
ঠেলে ফেলে বলে ক্রুদ্ধ স্বরে-  
'নিজের মতো বেঁচে থাকাই মহাপাপ তোমার।'

## ডাইরীর পাতা

--বিধান দে

বন্ধুর উপহার দে'য়া ডাইরীর কয়েক পাতায়  
কাটা-কাটি হিজি-বিজি কিছু লেখা-  
পারিবারিক ফর্দ ।  
হয়তো বা আংশিক সাংসারিক বাজেট সারৎসার-  
পাউডার মিস্ক, চায়ের পাতা, বিসকিট আর  
প্রাতঃ কিংবা সান্ধ্য আসরের  
এক চুমুক সুখ পান,  
একঠোঁট ঘনিষ্ঠ জীবন  
হয়তো এক পেয়ালা সর্বনাশা সময় অবগাহন ।

আসলে ব্যস্ত জীবনে প্রত্যেকেরই কিছু কথা  
অব্যক্ত হয়ে লুকিয়ে থাকে  
এখানে ওখানে । যার কথা  
বন্ধু ও জানে না, আমিও না-  
কেউ না জানলেও অবশ্যই জানে শাস্ত সময়  
হিজি বিজি কাটা কাটি জীবন রেখা  
সবই আগলে রাখে পাতায় পাতায় ।

আমি উল্টে পাল্টে ডাইরীটা দেখে  
অতি সন্তর্পণে রেখে দিলাম  
বন্ধুর উপহার ।



## CHILD LABOUR –grave social issue in India

--Dr. R.K Mishra

Lecturer: DCAST, Dehradun

Child labour is one of the biggest global problems today. As per UNICEF report, about 250 million children aged 2 to 17 are subjected to child labour worldwide. The 2001 national census of India estimated the total number of child labour, aged 5-14, to be at 12.6 million which has showed increasing trend in 2011 census. Child labour is defined by many organizations as "any kind of work for children that harms them or exploits them in some way may it be physically, mentally or by depriving a child of education.

Child labour is a social menace in many parts of the world, especially in developing countries. There is a widespread practice of child labour in sectors like agriculture, factories, mining, hotels and quarrying etc. Thousands of children are made to work as household helps in different parts of the world. Many children have to work for helping their families and some families expect their children to continue the family business from young age only. One can also find children working in hotels, kothies, business establishments, tobacco, fireworks & bangles related factories and polishing shoes. This is a grave issue that needs redressal on an urgent basis.

No matter, how rapidly a country is developing, if the large part of its child population is working as bread earner for their family, it is an indication of sorry state of social equilibrium. No one has got any right to exploit children in any capacity but ironically, we keep facing such situations every now and then. In many countries, children are forced into prostitution. In countries like India, child labour has always been a major social issue. Despite formulating different laws protecting the basic rights of children, situation is far from impressive. The practice of child labour does not just devoid a child of his basic rights to live a life with dignity and study but also affects his future. Leave alone lack of education opportunities to them, most of these children are malnourished and treated like animals Millions of children across the country are indulged into some sort of labour practices in deplorable conditions. They are made to work for 12-16 hours which really demands pressing attention from the society and policy makers. Such inhuman acts seriously affect the personal growth and development of a child.

The root cause this problem in India is poverty coupled with high population. Many a times, children are forced into work by their own family. Lack of earning members pushes poor families to make their children work in appalling conditions. Insecurity and lack of resources worsens the situation. Poor level of education also plays a vital role in deepening the roots

of the menace. Lower strata of the society do not have too many privileges and they are not ever aware of benefits of education. That leaves them with only choice of forcing their children to work.

The laws and regulations in India concerning child labour are far from perfect. There is definitely a pressing need of concrete action from the Govt. to abolish this practice. Factors like caste and gender discrimination, demand of cheap labour and superstition etc are also responsible for widely prevalent practice of child labour in India. States need to wake up to the growing threat of child labour else, despite being one of the fastest growing economies in the world, we run the risk of losing young and innocent souls. Growth and development is meaningless unless all the basic problem eradicated.

### **Government and child labour in India:**

India's policy on child labour has evolved over the years and present regime of laws relating to child labour in India have a pragmatic foundation and are consistent with the international labour conference resolution of 1979

The government has made efforts to prohibit child labour by enacting child labour laws in India including the 1986 Child Labour (prohibition and regulation) Act that stated that children under fourteen years of age could not be employed in hazardous occupations.

This act also attempted to regulate working conditions in the jobs that it permitted, and put greater emphasis on health and safety standards.

Through a notification dated May 26, 1993, the working conditions of children have been regulated in all employment which not prohibited under the Child Labour (Prohibition and Regulation) Act. Following up on a preliminary notification issued on October 5, 1993, the government has also prohibited employment of children in occupation processes like abattoirs/slaughter houses, printing, cashew nut processing, and soldering.

However, due to cultural, economic factors and poor implementation, these goals remain difficult to meet. These act nothing to protect children who perform domestic or unreported labour, which is very common in India. In almost all Indian industries girls are unrecognized laborers because they are seen as helpers and not workers. Therefore, girls are therefore not protected by the law. Children are often exploited and deprived of their rights in India, and until further measures are taken, many Indian children will continue to live poverty.

### **Eradication measures:**

Despite of over six decades of independence and efforts for national developments we are still grappling with menace of child labour. According to social study research, the prime

reason behind increasing number of underage children working as contract laborers in organized and unorganized sectors is poverty. Children are seen as bread earners for the family and that pushes poor families to make their children work in unfriendly conditions. No less than 80% child labour cases are because of parental poverty. Children are forced to work so as to get supplemental earning to the family. It's more like a vicious cycle of child labour. It also tells us that economic growth of India is not creating an all round effect. The government must ensure that the market prosperity percolate down the social order. State should focus on building factories in poverty-stricken areas so that it can generate jobs for the parents. This will be the single biggest step in eradicating child labour problem.

Lack of education is another major factor in increasing cases of child labour. Poor people can't afford educational costs so they don't have a choice of investing in the children education. It is the education only through which children can be empowered to take best decisions for their future. Giving proper and quality education to the children of the country should be the top priority of the nation. If children are well educated, their decisions will also bear positive effect on the fortunes of the country along with improving their quality of life.

One more idea is to set up special education society where children from economically backward families could be offered free education. Government should also provide other basic facilities like books, clothes, stationary convenience etc free of cost. Charitable organizations and trusts need to be involved to help child development programs run by government as local support.

The government should formulate stringent laws against child labour. As of now law against child labour is not enough and there are plenty of loopholes in it. Right from provision of stricter imprisonment to cancelling the industrial license of the firms where children are found working, there are several steps that government can take to completely eradicate this problem.

The services of renowned and committed NGOs can be helpful to improve the situation in this field. Many NGOs like Bachpan bachao Andolan, CARE India, Global March against Child Labour, RIDE India etc. Have already been working to eradicate child labour in India.

Steps should be taken to make people aware of the consequences of child labour. Sustainable living for one and all can only be achieved when each one of us contribute our bit for the welfare of society. Only with implementation of these steps, India can claim to be the emerging healthy and prosperous nation in the race of global developments.



## কলি-বিচিত্রা

--অরবিন্দ চক্রবর্তী

গতকাল মহর্ষীরা স্বর্গে ফিরে এসেছেন মর্ত্যলোকে তাদের নশ্বর দেহত্যাগ করে। সবাই খুশী হবে নাই বা কেন ! ওরা যে মর্ত্যবাসী হয়ে দীর্ঘকাল থেকে, কলিযুগীয় জ্ঞান আহরন করে এসেছেন। ব্যাপরটা খুলেই বলি।

শ্রী বিষ্মুর আদেশে কয়েকজন সত্যযুগীয় মুনির আত্মাকে পৃথিবীতে প্রেরণ করা হয়েছিল। শর্ত ছিল কলিযুগের ভারতবর্ষ থেকে এইযুগের জ্ঞান আহরন করা। মুনিরা নিজ নিজ পছন্দমত কেউবা মন্ত্রীপুত্র, কেউ ব্যবসায়ীপুত্র এবং কেউবা ডাক্তারপুত্র হয়ে জন্মেছিলেন। শ্রী বিষ্মুর ইচ্ছা অনুসারে সকলেই ৯০ বছর করে পৃথিবীতে ছিলেন। আয়ুর অস্তিম লগ্নে ঐ সকল মুনিরা দেহত্যাগ করে আবার স্বর্গে ফিরে এসেছেন। সঙ্গ নিয়ে এসেছেন কলিযুগীয় জ্ঞান।

শ্রী বিষ্মু আদেশ দিলেন যমরাজকে, ঐ সকল মুনিদের বক্তব্য লিপিবদ্ধ করে রাখতে। সেই অনুযায়ী আজ যমালয়ে বিশাল সভার আয়োজন করা হয়েছে। দেবতাদের সাথে সাথে সকল পাপ পূন্য ধারী আত্মারাও নিমন্ত্রিত। যথাসময়ে মুনিদেরকে নিয়ে ইন্দ্রের পুষ্পক রথ যমালয়ের সভা মণ্ডপে হাজির। উর্কসীরা নৃত্যগীতের মাধ্যমে আপ্যায়িত করলেন সবাইকে। কিন্তু মুনিরা কেমন যেন বিমর্ষ। বড় চুপচাপ। বড়ই যেন চিন্তিত।

এবার সভার আসল কাজ শুরু হল। যমরাজ একজন মুনিকে তার কলিযুগীয় জ্ঞানের বর্ণনা দিতে অনুরোধ করলেন। মুনিবর উঠে দাড়িয়ে সভার সবাইকে যথাযোগ্য সম্ভাষণ পূর্বক তার বক্তব্য পেশ করতে তৈরী হলেন- “হে ধর্মরাজ, সবাইকে আমার সশ্রদ্ধ অভিবাদন জানাই। আমি পৃথিবীতে মন্ত্রীপুত্র হয়ে জন্মেছিলাম। কিন্তু দেখলুম যে, মন্ত্রীরা সবাই জনতার প্রতিনিধি হয়েও জনতার কাছে তারা কেউ নেই। গদী এবং অর্থই তাদের প্রধান নেশা। ভোটের আগে বাড়ীবাড়ী গিয়ে হাতযোড় করে ভোট প্রার্থনা করেন নানা প্রতিশ্রুতি দিয়ে। কিন্তু ভোট বৈতরনী পার হতে পারলেই সব কিছু ভুলে নিজ আখের গুছাতে ব্যস্ত হয়ে পড়েন। দেশের শিক্ষা, কৃষ্টি সংস্কৃতি বা সার্বিক উন্নতির জন্য তাদের কোনও মাথা ব্যাথা নেই। দেশের প্রায় সকলেই গরীব কিন্তু মন্ত্রী বা অন্যান্য জননেতার প্রায় রাতারাতি টাকার কুমীর হয়ে যান। এদের প্রধান কাজ বড়বড় কথা বলা। সবসময় মিথ্যের আশ্রয় নিয়ে জন সাধারণকে বিভ্রান্ত করা এবং সপরিজন সকল প্রকার সুখ সুবিধা ভোগ করা।”

সভা নিস্তব্ধ। হায়রে ! এই বুঝি কলিযুগের নিয়ম ? আরেকজন মুনি এবার বক্তব্য পেশ করতে উঠলেন। - “হে মহামান্য ধর্মাধিপতি, সবাইকে আমার শ্রদ্ধা জ্ঞাপন করে আমার বক্তব্য শুরু করছি। আমি ব্যবসায়ীপুত্র হয়ে জন্ম গ্রহন করেছিলাম। সেখানে দেখলাম যে ব্যবসায়ীরা যেন একটি ভিন্ন জাত। জনতার মরণ বাচনকে এরা পাতাই দেন না। ভেজাল, কালোবাজারী, জাল ঔষধ, জাল নোট, প্রানঘাতী নেশাদ্রব্য ইত্যাদি ব্যবসার জন্য সকলেই উৎসুক। নকল চাহিদা বা নকল অভাব সৃষ্টিতে এরা সিদ্ধ হস্ত। ঘুষের দৌলতে যে কোনও ব্যবসারই অনুমতি সহজলভ্য। জননেতাদের মতো এরাও টাকা এবং নিজ পরিজনের উন্নতি ছাড়া অন্য কিছু ভাবেন না। কু-ব্যবসা করে যারা টাকার কুমীর হয়েছেন তাদেরকে “অভিজাত শ্রেণী” বলে মূল্যায়ন করা হয়। নিজ প্রয়োজনে অবশ্য এরা মন্ত্রী বা নেতা বা সরকারী আমলাদের পা চটতেও কুষ্ঠাবোধ করেন না।”

সভার সকলে নির্বাক, নিস্তব্ধ। এ আমরা কি শুনিছি ? হায়রে ভারতবর্ষ।

তৃতীয় মুনি উঠলেন এবার তার বক্তব্য পেশ করার জন্য। - হে যমরাজ। আপনারা সকলে আমার শ্রদ্ধা ও প্রণাম গ্রহন করুন। আমি পৃথিবীতে গিয়ে ভারতবর্ষের একটি ক্ষুদ্র রাজ্যে এক অতি বিত্তশালী চিকিৎসকের পুত্র হয়ে জন্মেছিলাম। আমি লেখাপড়ায় খুব ভাল ছিলামনা। কিন্তু ঘুষের দৌলতে আমার পিতা আমাকে চিকিৎসা মহাবিদ্যালয়ে ভর্তি করে দিয়েছিলেন। এমন কি, প্রতি বছরই ঘুষ ও ডোনেশনের কারণে আমি ভালমত পাশ করে যাই। শেষ পর্যন্ত একজন চিকিৎসক হই। কিন্তু পড়াশুনা ঠিকমত না করার ফলে বিদ্যাটা আঁধেখেড়া ভাবে শেখা হলো আরকী। চিকিৎসক হিসাবে মহাবিদ্যালয়ে প্রতিজ্ঞা পত্র পাঠ করেছিলাম যে- “অর্থ উপার্জন নয়, রোগ নির্মূল

করা এবং মানুষকে সুস্বাস্থ্যের অধিকারী করাই হবে আমার ব্রত”। কিন্তু সকল চিকিৎসকদের মত আমিও প্রতিজ্ঞা ভুলে একসময় টাকার পেছনে ছুটতে আরম্ভ করলাম। নামে বেনামে সেবাশ্রম খুলে দুহাতে রোজগার শুরু করলাম। বিত্তশালী রোগী ছাড়া অন্যান্যদেরকে পাতাই দিতাম না। কিন্তু যেদিন আমার হৃদযন্ত্র বিকল হয়েছিল। সেদিন আমার পাশে কেউ ছিল না। ঐ ব্যবসায়ীপুত্র রূপী মুনিবরের ঔষধালয় থেকে ঔষধ এনে খেয়েছি। কিন্তু সে ছিল জাল ঔষধ। সুতরাং মৃত্যু নিশ্চিত হয়ে গিয়েছিল। এরই মধ্যে আমার পুত্রদ্বয় সম্পত্তির ভাগ নিয়ে ঝগড়া শুরু করে দেয়। সেটা শুনতে শুনতেই আমি দেহ ত্যাগ করি।”

কলিযুগের কথা শুনে পাপীতাপীরা পর্যন্ত স্তব্ধ হয়ে গেল। কোনও মতে যমরাজ বললেন  
-“হে মহামান্য মহর্ষিগন। আপনাদের বক্তব্য লিপিবদ্ধ করা হয়েছে। যথাসময়ে সেসব শ্রী বিষণ্ণুর গোচর করা হবে। আপনারা সকলেই নিজ নিজ স্থানে প্রস্থান করতে পারেন। আজকের মতো সভা ভঙ্গ হলো।”

## আমার জীবন

--বাবাই

সাহিত্য মানে কোন কথা নয়-  
কথার ফুলঝুড়ি মাত্র।  
আজও ভাষার সহর্মিতা।  
মানুষ গাহে মানুষ সাজায়  
জীবনের কত রং ছড়ায়-  
পরিবেশ গড়ে উঠে-  
আমরা পরিবেশের সৃষ্টিকর্তা।

## দুষ্টুমি

--বাবাই

স্বপ্না তোমার রংটি যেমন ধলো  
মনটি যদি তেমনি হতো  
তবেই হতো ভালো  
রেখে দে তোর বাচালতা  
মুখ সামলে বলিস কথা  
নইলো তোর ভাঙ্গঁব মাথা  
মেরে লাখি ঝাটা  
দাত খিঁচনি মুখ ভেঙ্গাঁনি  
অনেক দেখেছি  
থাকে যদি বুকের পাটা  
সামনে এসে বলিস কথা  
এক্ষুনি তোর ভাঙ্গঁব মাথা  
ভালো হারে কি  
দুষ্টু হারে  
আয় দেখিয়ে দি

## FASCINATING QUASICRYSTALS

--Dr. SumanAdhikari  
Asst. Prof., Dept. of Chemistry  
Govt. Degree College, Dharmanagar

**Introduction:** Quasicrystal is a new emerging domain lying amidst chemistry, physics, and material science. A quasicrystal, is a structure that is ordered but not periodic. A quasicrystalline pattern can continuously fill all available space, but it lacks translational symmetry. While crystals, according to the classical crystallographic restriction theorem, can possess only two, three, four, and six-fold rotational symmetries. The Bragg diffraction pattern of quasicrystals shows sharp peaks with other symmetry orders, for instance five-fold.

Quasicrystals had been investigated and observed earlier, but, until the 1980s, they were disregarded in favor of the prevailing views about the atomic structure of matter. In 2009, after a dedicated search, a mineralogical finding, icosahedrite, offered evidence for the existence of natural quasicrystals.

**Difference between Crystals and Quasicrystals:** Most crystals are composed of a three-dimensional arrangement of atoms that repeat in an orderly pattern. But quasicrystals behave differently than other crystals. They have an orderly pattern that includes pentagons, fivefold shape, but unlike other crystals, the pattern never repeats itself exactly. In crystals, single unit cell are used to generate the structure but in the quasicrystal, two prototiles are required to generate the structure.

**Discovery of Quasicrystals:** The discovery of quasicrystal was nothing more than a coincidence by a chemist known as Dan Shechtman, who has recently been awarded Nobel Prize in Chemistry in 2011. The story begins in his laboratory; in the year 1982. The substance he was working on was a mix of aluminum and manganese, a strange looking material. He used electron microscope in order to observe it at the atomic level. The picture he obtained at the microscope was very different and exclusive it countered all the recent discoveries and theories. He was able to see concentric circles, each made of ten bright dots at the same distance from each other. The thing was Shechtman had rapidly chilled the glowing molten metal, and the sudden change in temperature should have created complete disorder among the atoms. But the pattern he observed



told a completely different story, the atoms were arranged in a manner that was opposing the laws of nature. Shechtman counted and recounted the dots. It is possible to appear four or six dots in the circles would, but Shechtman was shocked to see that he was observing concentric circles each made of ten bright dots at the same distance from each other which were impossible. He jotted down only single thing in his notebook "10 Fold???"

Dan Shechtman tried to prove his works and discovery yet he faced disappointment and distress, he tried to explain all the facts to his researchers but none believed and tried to note his works nothing more than creation of "Double Crystals". However, in November 1984, together with his research colleagues Cahn, Blech and Gratias. Shechtman finally got to publish his data in Physical Review Letters. The article created interest among crystallographers, It questioned the most fundamental truth of their science: that all crystals consist of repeating and periodic patterns.




Fig: Shechtman's Nobel Prize winning work was in the area of quasicrystals, ordered crystalline materials lacking repeating structures, such as this Al-Pd-Mn alloy.

After the publication of his article, scientist all around the globe started to work on this discovery many said they had also observed the same phenomenon yet overlooked. Many scientists and mathematicians started resolving this observation and a mosaic model resembling to produce similar diffraction pattern was prepared by a British professor of mathematics, Roger Penrose. He created aperiodic mosaics with just two different tiles, for example, a fat and a thin rhombus.

**Application of Quasicrystal:** Modern research is motivated by the prospect that quasicrystals could lead to new technologies. Quasicrystalline materials could be used in a large number of applications, including the formation of durable steel used for fine instrumentation, and non-stick insulation for electrical wires and cooking equipment. Quasicrystals have been used in surgical instruments and LED lights. They have poor heat conductivity, which makes them good insulators. Sandvik, a company in Sweden, produces a precipitation-hardened stainless steel that has interesting properties. The steel is strengthened by small quasicrystalline particles and it does not corrode. It is extremely strong steel. It is used for anything that touches the skin, for instance, razor blades or surgery tools.

**References:** Wikipedia and various journals related to Quasicrystal.



## শিক্ষক

--তাপস কুমার দে

তখন দিনের সবে শুরু, ভোরের আলো ছিল শহরের রাস্তায়। শিক্ষক মশায় এসে দাড়ালেন মোড়ের দোকানটির সামনে। মনে তাঁর অধীর আগ্রহ ও উৎকণ্ঠা। শহরের কাজ যখন সারা হয়েই গেছে তখন একবার দেখা করেই যাবেন তাঁর সবচেয়ে প্রিয় ছাত্রটির সাথে। দৃষ্টি তাঁর স্নেহে ঐ দু'তলার ছাদে- ভাড়া বাড়িটির দিকে। ভাবলেন এবার ঘুরে যাবেন সোজা গলিপথে, যেদিকে গালিচা বিছানো আছে ঐ বাড়িটি অবধি। শরীরে যেন এক বিদ্যুৎ খেলে গেলো - আজ কতদিন পর প্রাণ ভরে দেখবেন তাঁর প্রিয় আদরের ছাত্রটিকে। কিন্তু একি! শিক্ষক মশায় থমকে দাড়ালেন। হঠাৎ ওনার বিবেক বলে ওঠলো - “এ বাড়িতে তাঁর আর দরকার হবেনা”। শিক্ষক মশায় এবার আচম্বিতে দাঁড়িয়ে চশমার গ্লাসটা মুছলেন। চাকুরী জীবনের কত স্মৃতিই না তখন ভেসে আসছিল শরতের পৈঙ্গা তুলোর মতো ঐ ছাঁদের দিকে চেয়ে চেয়ে। তুমার ক্লাসে আজ মন নেই মনে হচ্ছে ভালো করে পড়াশুনা করে মানুষের মতো মানুষ হতে হবে তুমাকে, একি! মুখে এতো কালি কি করে লাগলো? তুমার প্রশ্নের উত্তর সবার থেকে আলাদা হতে হবে- আরো কত কি। এসব পুরনো কথা ভাবতে ভাবতে চোখ ঝাপসা হয়ে আসছিল। কম্পিত হস্তে চশমার গ্লাসটা মুছে একটা দীর্ঘশ্বাস ফেললেন; মনে মনে আশীর্বাদ করে বিদায় নিতে গিয়ে দেখলেন সামনে কিছুই দেখা যাচ্ছেনা-। রুমালটা বের করে চোখের জল মুছে ক্লান্ত দেহে অবসন্ন মনে এবার চলা শুরু করলেন। ধীরে ধীরে শহরের রাস্তায় হাঁটতে হাঁটতে অদৃশ্য হয়ে গেলেন। চুস্ আর চটি, মাঝখানে কম্পিত দুটি পা যেন চলতেই ভুলে গেছোকোচোয়ান যেন চাবুক মেরে তার গাড়ির গতি ঠিক রাখার চেষ্টা করে ঠিক তেমনি বিবেকের ঘায়ে শিক্ষক মশায় চলার ছন্দ খোঁজার চেষ্টা করতে লাগলেন। তখন বুঝলেন - নিরুপায়, বাস্তব, স্নেহ শব্দগুলির মানে। আবারও বিবেক বলে উঠলো “তাঁর মতো গায়ের শিক্ষকেরই প্রয়োজন নেই শহরের বড়ো বড়ো ডিগ্রীধারী স্বনামধন্য শিক্ষকদের সামনে। তাছাড়া তাঁর প্রিয় ছাত্রটিও তো আর আগের মতো নেই যে, তাঁর আর প্রয়োজন হবে। এখন ওর বড়ো বড়ো কঠিন বই, ফিজিক্স, ক্যামিস্ট্রি, ম্যাথ - ওইসব নিয়েই সারাদিন ব্যস্ত থাকতে হয়, পড়তে হয়। গায়ের এই শিক্ষক কে মনে করার সময়ই বা কোথায় ওর। আর যেন হাঁটতে পারছেন না-গলা শুকিয়ে যেন কাঠ হয়ে গেছে; মাথাটাও কিম্ব কিম্ব করছে- মনে হচ্ছে যেন শহরের রাস্তাগুলি দৌড়ছে। শিক্ষক মশায় আর হাঁটতে না পেরে সোজা বসে পরলেন ফুটপাতে- যেখানে বসে চারাগাছের মালিক ফুলগাছের চারা বিক্রি করো। কিয়ৎক্ষণ স্থবীর হয়ে বসে থাকার পর শিক্ষক মশায় ভাবতে লাগলেন - ‘রাতের অন্ধকারে যখন ঘুমের জন্য নির্জনতা পায় মানুষ; সে সময়ই শিক্ষকের জেগে জেগে লিখার অবসর। এরই ফাঁকে সে দেখতে পায় ভবিষ্যত, কল্পনা নয়, বাস্তব নয়, তার থেকেও তীব্র এক সত্যকে বার বার মনে করিয়ে দেয় - তুমি শিক্ষক, তুমি সমাজের সবচেয়ে আলাদা এক জীব। তোমার কাউকে প্রিয় হিসাবে দেখার অধিকার নেই, কাউকে ভালবেসে বুকে টেনে নিয়ে একটু স্নেহ বা আদর করার অধিকার সমাজ তোমাকে দেবেনা -। তোমার স্বার্থকতা শুধু প্রদীপশিখার মতো জ্বলে পুড়ে ছাঁই হয়ে যাওয়ার মতোই। এই বিশ্বাস, এই দমবন্ধ জীবন নদী তীব্র গতিতে এগিয়ে মিশে যাচ্ছে ওই দূরের নক্ষত্রের আকাশে যেখানে চলার শেষ নেই। এর মধ্যে হঠাৎ লক্ষ করলেন একটা ধুমকেতু সবেগে চলে যাচ্ছে - তাড়াতাড়ি চশমার কাঁচটা মুছে তাকালেন; দেখলেন ভালোকরে, সোজা চলে যাচ্ছে তার নিজস্ব ছন্দে, ঠিক আগে যে ছন্দে বা লয়ে সে তার চলার পথকে ধন্য করতো আজও ঠিক তেমনিই চলছে। শিক্ষক মশায় যেন প্রাণ ফিরে পেলেন। ওঠে দাঁড়িয়ে ডাকতে যাবেন, কিন্তু ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে। তাঁর আদরের ছাত্রটি ততক্ষণে অনেকটা দূর চলে গেছে। শিক্ষক মশায় তার যাওয়ার পথের দিকে চেয়ে রইলেন এক পলক- সে গলির মোড়ে বাক নিয়ে অদৃশ্য হয়ে গেলো। বৃথা চেষ্টা-। এবার আর পথ শেষ হচ্ছেনা, একটা চাঁপা দীর্ঘশ্বাস ওঠে এলো বুক থেকে-। মনে মনে প্রার্থনা করলেন - ‘ভগবান, মানুষের মতো মানুষ করো, সুখী করো তাকে জীবনে, গায়ের শিক্ষককে নাইবা রাখলো মনে, তবুও তো সে শিক্ষক মশায়ের প্রানেরও প্রিয়।।



### Microbes as Biofertilizers

With our present day life styles environmental pollution is a major cause of concern. The continuous use of chemical fertilizer for increasing demand of agricultural produce has contributed significantly to this pollution. After realization of the negative impacts chemical practices there is a large pressure to switch to organic farming, i.e., the use of biofertilizers. Nitrogen fixing bacteria like *Azotobacter*, *Azospirillum* are often used as biofertilizers nowadays.

In paddy fields many cyanobacteria like *Anabaena*, *Nostoc* etc are used as biofertilizers to increase its fertility. In our country a number of biofertilizers are available commercially & farmers use these regularly in their fields to replenish soil nutrients and to reduce dependence to chemical fertilizers.

Role of micro –organisms in the biodegradation of xenobiotics, restoration of ‘ushar’ (unutilizable) lands, removal of oil pollution from ocean, in the production of single cell protein (SCP) etc. are some of other contributions of microbes for the betterment of human civilization and the list is extending everyday.

It is obvious from diverse uses human being have put microbes to that they play important in the welfare of human society.

### জীবন

--দেবজ্যোতি আচার্য্য

জীবন শুধু নয় ফুলের উপর দিয়ে হাঁটা  
জীবনে চলতে হলে পায়ে বিধতে পারে কাটা  
আসবে হাজার বাঁধা  
হাজার দুঃখ সংশয়  
সব কাটিয়ে এগিয়ে গেলে হবে  
তোমারই জয়।

জগৎ জুড়ে চলছে শয়তানী আর ভন্ডামীর মেলা  
মিথ্যাকে হারিয়ে সত্য জিতবে খেলা  
ভালবাসা দাও বিলিয়ে  
সব মানুষের মাঝে  
তবেই তুমি শান্তি পাবে  
তোমার নিজের কাছে।


## MICROBES IN HUMAN WELFARE

Abhijit Datta

Asst. Professor

GDC, Dharmanagar

The use of micro-organisms for large scale industrial processes is not new, although it has assumed renewed emphasis in recent years. Centuries ago people in Asia and Africa learned to make wine, beer, vinegar & saki with bacteria & yeast, without knowing the scientific basis of such production. The technology related to microbial production of metabolites like ethanol, lactic acid, riboflavin and enzymes like amylase etc. was developed as early as first few decades of the 20<sup>th</sup> century. Large scale production of antibiotic penicillin, was perfected during world war II and the production of many other antibiotics, amino acids, enzymes etc. had been successfully accomplished in the 1950's and later.



*Lactobacillus sp.*


You would be surprised to know that we use microbes or products derived from them everyday. A common example is the production of curd from milk. Microbes such as *Lactobacillus* and others commonly called Lactic Acid Bacteria (LAB) grow in milk and convert it to curd. During growth, the LAB produce acids that coagulate milk & partially digest milk products, improve nutritional quality by increasing vitamin B<sub>12</sub>. These LAB play beneficial role in checking disease causing micro-organisms in our stomach too.

Microbes are also being used to meet effectively the crisis in both environment & energy sectors and provides cheap & cost effective methods of mining and metallurgy etc.


In this discussion we will look at some aspects of microbes with relation to its application in various fields for human welfare.

### Microbes in Industry

In industry, microbes are used to synthesize a number of products valuable to human beings like beverages & antibiotics. Production on an industrial scale requires growing microbes in very large vessels called fermentors.



*Common Yeast*



*Penicillium sp.*

Microbes especially have been used from time immemorial for beverages like wine, whisky etc. depending on the type of raw material used for fermentation and the type of processing i.e., with or without distillation, different type of alcoholic beverages are obtained.

Today we cannot imagine a world without antibiotics. Antibiotics obtained from various microbes have greatly improved our capacity to treat deadly disease like plague, whooping cough, leprosy etc.

Even in the production of important enzymes & bioactive molecules microbes are essential. Lipases obtained from microbes are helpful in removing oily stains in laundry or pectinases and proteases are used for clarifying bottled fruit juices.

A very important bioactive molecule Cyclosporine –A is used as an immunosuppressant in organ transplant patients, produced by *Trichoderma polysporum*, (a fungus).

### Microbes in Sewage Treatment

We know that large quantities of waste water are generated everyday in cities & towns. Such municipal waste water is also called sewage containing huge amount of organic matter and harmful microbes. Before disposal of such waste water into natural water bodies like river or stream it is treated in sewage treatment plants (STPs) to make it less polluting by using various physical & microbial treatments.



### Microbes in Biogas Production

Certain bacteria grow an-aerobically on cellulose material, produce large amount of methane and commonly known as methanogens. These bacteria are used in biogas plants and production of biogas depends on the type of bacteria & substrate they utilize. Similarly dung of cattle is utilized for production of 'GOBAR GAS' in many village areas of our country such biogas is a very efficient, clean & environment friendly non conventional source of energy.

### Microbes as Biocontrol agents

In modern society control of various diseases & pests are often controlled by the use of many chemicals which are extremely toxic & harmful to animals, human being & have been polluting our environment for years.

In agriculture, there is method of controlling pests that relies on natural predation rather than introduction of chemicals commonly called as biocontrol and is a nature friendly approach.

One of such biocontrol agent is *Trichoderma*, a soil fungi and very common in root system of plants. They are effective against a number of plant pathogenic fungi.

Similarly, Baculovirus, a common pathogen that attack insects and other arthropods, are commonly used to control a number of insect pests.

*Bacillus thuringiensis*, *Agrobacterium radiobactor* are some other examples.

Some of the active ingredients found in microbial fertilizers



#### *Rhizobium*

- A bacterium.
- Lives in soil, around and inside of the roots of legumes.
- Forms a symbiosis with leguminous plants.
- Fixes atmospheric nitrogen.



#### *Azotobacter*

- A bacterium.
- Lives free in the soil.
- Can fix nitrogen.



#### *Azospirillum*

- A bacterium.
- Lives in soil.
- Is able to live on its own in soil, or in close associations with plant roots.
- *A. brasilense* is able to fix nitrogen.



#### *Pseudomonas*

- A diverse group of bacteria.
- Can use a wide range of compounds that plants give off when their roots leak or die.
- Various functions: e.g. solubilizing phosphorus and making it available.



#### *Mycorrhiza*

- A fungus-root symbiosis.
- Lives with the roots of nearly all plants.
- Lives in the root and extends itself into the soil.
- Helps the plant by gathering water and nutrients.
- Improves soil structure.

### Microbes as Biofertilizers

With our present day life styles environmental pollution is a major cause of concern. The continuous use of chemical fertilizer for increasing demand of agricultural produce has contributed significantly to this pollution. After realization of the negative impacts chemical practices there is a large pressure to switch to organic farming, i.e., the use of biofertilizers. Nitrogen fixing bacteria like *Azotobacter*, *Azospirillum* are often used as biofertilizers nowadays.

In paddy fields many cyanobacteria like *Anabaena*, *Nostoc* etc are used as biofertilizers to increase its fertility. In our country a number of biofertilizers are available commercially & farmers use these regularly in their fields to replenish soil nutrients and to reduce dependence to chemical fertilizers.

Role of micro-organisms in the biodegradation of xenobiotics, restoration of 'usuar' (unutilizable) lands, removal of oil pollution from ocean, in the production of single cell protein (SCP) etc. are some of other contributions of microbes for the betterment of human civilization and the list is extending everyday.

It is obvious from diverse uses human being have put microbes to that they play important in the welfare of human society.

### জীবন

--দেবজ্যোতি আচার্য্য

জীবন শুধু নয় ফুলের উপর দিয়ে হাঁটা  
জীবনে চলতে হলে পায়ে বিঁধতে পারে কাটা  
আসবে হাজার বাঁধা  
হাজার দুঃখ সংশয়  
সব কাটিয়ে এগিয়ে গেলে হবে  
তোমারই জয়।  
জগৎ জুড়ে চলছে শয়তানী আর ভডামীর মেলা  
মিথ্যাকে হারিয়ে সত্য জিতবে খেলা  
ভালবাসা দাও বিলিয়ে  
সব মানুষের মাঝে  
তবেই তুমি শান্তি পাবে  
তোমার নিজের কাছে।

## ভারতীয় সংস্কৃতি ও নারীর অবস্থান

--দেবশীষ দাস

কবির ভাষায়, “বিশ্বে যা কিছু মহান সৃষ্টি  
চরি কল্যাণকর,  
অর্ধেক তার করিয়াছে নারী  
অর্ধেক তার নর।”- [নজরুল ইসলাম]

‘নারী’ এই একটি শব্দ বিভিন্ন রূপ নিয়ে বিভিন্ন সময়ে মানুষের জীবনে কড়া নাড়ে। সদ্যজাত শিশুর নিকট একমাত্র আশ্রয়রূপী ‘মা’ হিসেবে, ছোট্ট ভাইটির নিকট খেলার সাথী ‘দিদি’ রূপে, প্রেমিকের কাছে হংসীনি রূপী ‘প্রেম’ হিসেবে, আবার তান্ত্রিক জ্যোতিষির নিকট ‘শক্তির আকর’ হিসেবে নারীর পরিচয়। প্রকৃতির রূপ রক্ত গন্ধে ভরা সৌন্দর্য্য উপলব্ধীর জন্য সৃষ্টির বীজ ও আরোপিত হয় এই নারীরই অন্তরে। সুমহনে আধ্যাতিক ও সাংস্কৃতিক পরিমন্ডলে ললিত এই ভারতবর্ষ। জন্মলগ্ন হতেই বিভিন্ন ঋষি মহাঋষিদের তপঃশক্তির আলোকছটায় উদ্ভাসিত। কিন্তু যে দেশে নারী শক্তি হিসেবে, দেবী হিসেবে পূজিতা, সেখানে প্রাচীন কাল থেকেই নারীরা শোষণের শিকার হয়ে আসছে। প্রাচীন পৌরণিক গাঁথানে পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থায় নারীদের শোষণের করুণ চিত্র ফুটে ওঠেছে। কখনো বা পঞ্চস্বামীর স্ত্রী রূপে আবার কখনো প্রজ্জ্বলিত হোমকুণ্ডে নিজের সতীত্বের প্রমানস্বরূপ আত্মাহুতি প্রদানের মাধ্যমে নারীরা হয়েছে লাঞ্চিত। আবার কখনো ঋষি মুনিদের তপস্যা ভাঙ্গানোর জন্য নটী-বিনোদিনী রূপে নারী চরিত্রের প্রতিফলন ঘটেছে। তখন হয়তো নারী ‘মা’ রূপে, ‘দেবী’ রূপে পূজিতা কথাগুলি শুধুমাত্র শব্দগুচ্ছ রূপে গ্রন্থগার সর্বস্ব হয়ে রয়েছিল।

সভ্যতার সময়চক্র পরিবর্তনের সঙ্গে সঙ্গে এ দেশে আবির্ভাব ঘটেছিল চতুঃবর্ণ সম্প্রদায়ের। যেখানে ব্রাহ্মণ সর্বস্ব সমাজ ব্যবস্থায় উচ্চজাতির ব্রাহ্মণ দ্বারা নিচুজাতের নারীরা হয়েছিল শোষণের শিকার। যে ব্রাহ্মণেরা প্রকাশ্যে দিবালোকে নিচু জাতির ছায়া মড়োনোকে পর্যন্ত জাতেভেদের নাম দিয়েছিল, সেই নিচু জাতির নারীদের দ্বারা তথাকথিত উচু জাতির ব্রাহ্মণদের বিনোদন ঘটেছিল অমাবস্যার আঁধারে।

আধুনিক টাকার সূত্রপাত হয় ইউরোপে, সূত্রপাত করে স্টকহোম ব্যাংক ১৬৬১ সালে। এই প্রথম জিনিষ পত্রের বদলে সোনা কে বিনিময়ের মাধ্যম হিসাবে ব্যবহার করা হয়। এর ফলে ১৭-১৯ শতকের মধ্যে পৃথিবীর প্রায় সব দেশ থেকেই স্বর্ণমুদ্রার ব্যবহার ওঠে যায়, স্বর্ণমুদ্রার পরিবর্তে স্বর্ণমুদ্রার সমমূল্যের ব্যাঙ্ক নোটের ব্যবহার শুরু হয়। ২য় বিশ্বযুদ্ধের পর প্রায় সব দেশই মার্কিন যুক্তরাষ্ট্রের টাকা অর্থাৎ ইউ এস ডলারের সাপেক্ষে তাদের টাকার মূল্যমান নির্ধারণ করতে শুরু করে। এইভাবে প্রচলন হয় আধুনিক টাকার ব্যাঙ্ক অব হিস্ট্রিয়ার (১৭৭০-১৮৩৭) এবং জেনারেল ব্যাঙ্ক অব বেঙ্গল এন্ড বিহার' ভারতের প্রথম ব্যাঙ্ক যা ওয়ারেন হেস্টিংস চালু করেন। প্রথম বিশ্বযুদ্ধের সময় যখন তামার সংকট দেখা দেয় তখন ভারতে ব্যাপক ভাবে কাগজের টাকার প্রচলন শুরু হয়। ১৫ আগষ্ট ১৯৫০ সালে ভারতীয় টাকায় প্রথম অশোকস্তম্ভের ব্যবহার শুরু হয়। ১৯৯৫ সালে ভারতীয় মুদ্রাকরন নীতি প্রবর্তিত হয়।

টাকা কোনো জিনিষ এর মূল্য নির্ধারণ তাই টাকার কিছু বৈশিষ্ট্য থাকা বাঞ্ছনীয়। যেমন:-

- (১) টাকা এমন হতে হবে যাতে গুণগত এবং আর্থিক মান পরিবর্তন না করেই সহজে বহন করা যায়।
- (২) ধাতব মুদ্রার ক্ষেত্রে ইহা এমন হতে হবে যাতে সহজেই গলিয়ে ধাতু পিণ্ডিতে পরিনত করা যায় এবং পুনরায় মুদ্রায় পরিনত করা যায়।
- (৩) একটি নির্দিষ্ট মূল্যমানের টাকার ভর, আয়তন ইত্যাদি সবসময় এক থাকা বাঞ্ছনীয়।



- (৪) ধাতব মুদ্রার কিনারা সাধারণত পালিশ না করে অসমান রাখা হয় বা কিনারায় ডিজাইন করা হয়, যাতে মুদ্রা থেকে যদি কেউ কিছু অংশ অপসারিত করে মুদ্রার মূল্যমান কমিয়ে দেয় তাহলে যাতে সহজেই সনাক্ত করা যায়।
- (৫) টাকাকে যাতে সহজেই জাল করা না যায় তারজন্য টাকায় জলছাপ ব্যবহার করা হয়।
- (৬) টাকা সহজেই সঞ্চয় যোগ্য, পরিবহন যোগ্য এবং ব্যবহার যোগ্য হতে হবে।
- (৭) কোনো বড়ো আকৃতির জিনিষ অথবা কোনো দামী জিনিষ টাকা বা আর্থিক বিনিময়ের জন্য আদর্শ নয়। তাই হীর, বাড়িঘর, জায়গা ইত্যাদি টাকা বা আর্থিক বিনিময়ের মাধ্যম হিসেবে ব্যবহৃত হয় না।

## ইচ্ছা পূরণ

--দীপালোক ভট্টাচার্য

জীবনে চলার পথে আছে কত বাধা-  
 আমরা তবুও ছুটছি ইচ্ছা পূরণে সদা।  
 গোলক ধাধায় ভরা আমাদের সমাজ  
 সমাজের মাঝে আমরা পরিহাস।  
 তবুও কি ! ইচ্ছা পূরণ হবে না সবার-  
 ইচ্ছা পূরণে আণ্ডয়ান হই বারবার।  
 ধন্য আমাদের বলবান সমাজ,-  
 ধন্য সমাজের বলীয়ান কর্তারা  
 তবুও এ সমাজ হার মানবে ইচ্ছা পূরণে সর্বদা।  
 ইচ্ছা পূরণে আছে কত বাধা,-  
 তবুও কি থেমে থাকবে ইচ্ছা পূরণের মর্যাদা।  
 ইচ্ছা পূরণ করে নাকো ভয়, নেই তার সংশয়।  
 আছে তার বল, নয় সে দুর্বল  
 ভেঙে দিতে পারে সমাজের কূটনীতির দল।  
 এগিয়ে যাও নব দিগন্তের পথে-  
 উদ্ভাসিত সূর্যের দিকে।  
 আণ্ডয়ান হও ইচ্ছা পূরণের সম্মুখের পথে।

## Noose : Shame for Every Soul-Owner

--Mainak Roy

First of all we have to know the word "Noose". According to famous Oxford Dictionary "Noose" is "a loop with a running knot, tightening as the rope or wire is pulled and used to trap animals or hang people." In the legal point of view "Noose" i.e., capital punishment or death penalty is given to someone who commits a major offense such as murder.

According to Indian Penal Code (IPC) Section 302, "Punishment for murder : whoever commits murder shall be punished with death or life imprisonment and shall also be liable to fine".

According to constitution of India Article 21, "Protection of life and personal liberty : no person shall be deprived of his life or personal liberty except according to procedure established by law".

Apart from the legal point of view if we consider the aspect with moral and ethical view we find that life have immense value. If a person kills someone then also we should not kill him. If we do so there will be no difference between that person who committed crime and us. Who always try to establish logic for death penalty as a deterrent method they forget that there are a lot of countries in the world such as Singapore, Malaysia, Russia, Denmark, Australia, Italy, Greece, Chile etc. where death penalty is void though their crime rate is less than our country where death penalty is still going on. Whatever, it also seems to be strange that we are going to kill a 25 year old youth very soon. He is Md.



Ajmal Amir Kasab from Faridkot, Punjab, Pakistan. What is his crime? He belongs to a terrorist organization "Lashkar-e-taiba" which organized a terrorist activity on 9<sup>th</sup> November, 2008 at Tajmahal Hotel as well as Chatrapati Shibaji Terminus, Mumbai. We know that his mercy petition have been rejected by our Hon'ble President. Now it is fully confirmed that we are going to kill him. Are we fully confident that after his death soul of the person died on 26/11 attack be satisfied? Many persons are not aware that

how tremendous torture is being applied on him every second of his life. Whether he has no right to life? If no, then why? why? why? No, no, I am not an agent of any terrorist group or supporter of the enemy of the nation, I never support Kasab's violence policy but I am against his death penalty because of my simple soul ownership.

If we study Ramayana, the ideal epic, we find a notorious and infamy character Ratnakar, who was a dangerous dacoit in his early life but later he changed himself as Balmiki who gifted us the great epic Ramayana. Had Ratnakar dacoit lived in today's shining India, most probably he would have been punished by death penalty by the Hon'ble Supreme Court of India, we would have lost a future famous writer.

Apart from this, so many encounters and custodial killings are taking place in India every year. A famous illustration of encounter killings is Lokhanwala case. November 16, 1991, a famous gun battle was held by Bombay ATS (Anti Terrorist Squad) at Swati Building, Lokhanwala, Bombay. The gun battle was held between famous 'D' company gangsters Maya Dolas, Dilip Buwa, Anil Pawar, other four members and Bombay ATS. Aftab Ahmed Khan was the chief of the ATS at that time. By his order 450 rounds of bullets were fired to kill 7 gangsters, except them there were so many people at the Swati Building, who were passing a tragic moment during the battle. Isn't it a human right violation? We also observed this tremendous incident through the movie "Shoot out at Lokhanwala" directed by Apoorva Lakhia.



Maya Dolas

"Solitary confinement" is also a hellish torture for every human being. When someone commits a crime such as murder our system treat him as an animal. After the death penalty is given to someone and mercy petition is also rejected by the president, from that date till his death he is kept in a solitary cell fully alone in a hellish environment. There is no difference between him and a road side doggy e.g., Charles Sobhraj's case, a foreigner, an under trial prisoner challenged the action of superintendent of Jail for putting him into bar fetters. According to Section 73 and Section 74 of IPC, "solitary confinement is itself a substantive punishment which can be imposed by a court of law". Criminals should be punished but the punishment should always be to improve their psychological condition and mental ability. We have to use the reformatory method to change them and give them another chance to join us in the main stream of society. We should follow the policy "live and let live". By love the world will be heaven one day, and on the other hand by battle we will make the world hell.

We have to think about this problem and make an alternative of death penalty. Teach every human being love to heal the world. If someone is not in agreement with me then I do apologize, I am just using my constitutional right



i.e., right to speech and expression which article 19(a) gives us. I want to conclude with the famous quotation ....

“If an eye for an eye the world will be blind one day”

---Mahatma Gandhi



### বিদ্যালয়

--দেবজিৎ চৌধুরী

বিদ্যালয়ের দিনটি ছিলো  
বেজায় রঙিন,  
দুশটুপি আর পরাশুনায়  
জীবনটা ছিলো মসূন।  
বিদ্যালয়ের জীবন ছিলো  
পাখীর মতোন,  
মুক্ত ডানায় উড়ে যেতাম  
সময় হতো যখন।  
বিদ্যালয়ে গেলাম আমরা  
জ্ঞানের সন্ধানে,  
গিয়ে মোরা মিলে গেলাম  
বন্ধুর সঙ্গমে।  
বিদ্যালয়ের স্মৃতিটুকু  
রয়ে যাবে মনে,  
মৃত্যুর আগঅবধি-  
থেকে যাবে পটে।

## সার্থশতবর্ষের আলোকে বিবেকানন্দ

--মনোরঞ্জন নাথ

‘ছন্দের যাদুকর’ কবি সত্যেন্দ্রনাথ দত্তের ভাষায়-

“বীর সন্ন্যাসী বিবেকের বাণী ছুটেছে জগৎময়,  
বাঙালীর ছেলে ব্যাঘ্রে বৃষতে ঘটাতে সমন্বয়।”

উক্ত ‘বাঙালীর ছেলে-’টি হলেন- মানব প্রেমিক স্বামী বিবেকানন্দ। প্রাচ্য-পাশ্চাত্যের মিলন ঘটিয়ে তিনি অসাধ্য সাধন করেছেন। তাঁর জন্মের সার্থ শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে জানাই অন্তরের বিনম্র শ্রদ্ধা। ‘যত্র জীব, তত্র শিব’- কিংবা ‘জীব সেবাই শিব সেবা’- এই মহৎ উপলব্ধি থেকে মানব প্রেমের জন্ম। মানব প্রেমে উদ্ভুদ্ধ হয়ে স্বামীজী হলেন মানব প্রেমের মূর্তি বিগ্রহ। নিপীড়িত মানবাত্মার সেবাই ছিল তাঁর জীবনের মূলমন্ত্র। নিজ আচরণ দ্বারা মহত্ত্বের উপলব্ধি প্রদর্শন করেছেন বিশ্ববাসীর কাছে। জন্ম সার্থ শতবর্ষের আলোকে বিবেকানন্দের জীবনাদর্শ আমাদের যুব সমাজকে অনুপ্রাণিত করছে।

স্বামী বিবেকানন্দের জীবনাদর্শ আমাদের কাছে বিশেষত আমাদের যুব সমাজের কাছে চির অম্লান। কর্ম ও সাহসিকতার নিজের পায়ে দাঁড়ানো এবং আত্মবিশ্বাসে বলীয়ান হওয়ার অভয়মন্ত্র দিয়েছেন তিনি। বিবেকানন্দ চেয়েছিলেন- ভারতের আপামর দরিদ্র সাধারণ মানুষের সেবা করতে। এই জন্য জাতি নয়, বর্ণ নয়, ব্রাহ্মণ-ক্ষত্রিয় নয়- অর্থাৎ এ নিয়ে ভেদাভেদ নয়,- তিনি চেয়েছিলেন মানুষের মঙ্গল করতে। পরিব্রাজক বিবেকানন্দ ভারতের সর্বত্র ভ্রমণ করেছেন, দেশের সব মানুষের সঙ্গে অন্তরের মিলন ঘটিয়ে দেশ ও দেশবাসীর দুঃখ-দুর্দশা তথা দৈন্য হয়েছেন অবগত। তাই বিবেকানন্দ ভারতবাসীর আত্মিক উন্নতির সঙ্গে সঙ্গে ক্ষুধা নিবৃত্তির ও চেষ্টা করেছেন। ঠাকুর-রামকৃষ্ণের অমোঘ বাণী তিনি উপলব্ধি করেছেন- ‘খালি পেটে ধর্ম হয় না।’ তাই দরিদ্র ভারতবাসীর দারিদ্র্য তাকে ব্যথিত করে। ভারতবাসীর সীমাহীন দুঃখ দুর্দশা তাকে করে বিচলিত।

স্বামীজীর স্বল্প পরিসর জীবন- ত্যাগে, যোগে, জ্ঞানে, কর্মে এবং প্রেমে পরিপূর্ণ। আমেরিকার চিকাগো সম্মেলনে- অর্থাৎ চিকাগো শহরে ধর্ম মহাসম্মেলনে তিনি যোগদান করেন ১৮৯৩ সালে। ভারতের হিন্দু ধর্ম ও বেদান্তের অদ্বৈতবাদ প্রচার করাই তাঁর উদ্দেশ্য ছিল। তাই তাঁর বক্তৃতায় ও বিশ্লেষণে- শ্রোতৃমণ্ডলীকে অভিভূত করেন। ইউরোপের নানা জায়গা থেকে তাঁর ডাক আসে। স্বামীজী এলেন ইংলণ্ডের মাটিতে। সেখানেও প্রচার করেন বেদান্তের অদ্বৈতবাদ ও সনাতন হিন্দু ধর্মের মাহাত্ম্য। তাঁর সান্নিধ্যে আসেন বিখ্যাত আইরিশ মহিলা মিস মার্গারেট নোবেল। পরে ভারতে এসে স্বামীজীর কাছে দীক্ষা নিয়ে হন-‘ভগিনী নিবেদিতা’।- কবিগুরু রবীন্দ্রনাথ বিমুগ্ধ হয়ে বলেছেন- ‘লোকমাতা’।

বিবেকানন্দের মতে, হিন্দুধর্মের মূলে রয়েছে মিলন ও সংহতি। তাঁর মতে, ‘বেদ’ হল- আধ্যাত্মিক সত্য আবিষ্কারের জ্ঞান ভাণ্ডার এবং আত্মা হল- স্বাধীন, পবিত্র, অসীম, শুদ্ধ ও পূর্ণ। ঈশ্বর হলেন পূর্ণ, মানুষ অপূর্ণ। অপূর্ণ মানুষের পূর্ণের সঙ্গে মিলিত হওয়ার আকাঙ্ক্ষা চিরকালের। বিবেকানন্দের ভাষায়- কুসংস্কার মানুষের বড় শত্রু ঠিকই, কিন্তু গোঁড়ামি বা ধর্মান্ধতা আরো খারাপ। আজ একবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে দাঁড়িয়ে আমরা স্বামীজীর চিন্তা ও ভাবাদর্শকে উপলব্ধি করছি।

বিবেকানন্দের জন্ম সার্থশতবর্ষের আলোকে আমরা লক্ষ্য করছি- আমাদের দেশের তরুণ মনে আত্মবিশ্বাসের প্রেরণা জুগিয়েছেন তিনি। মানুষকে ভালোবেসে দেবত্বলাভের পথ তিনি দেখিয়েছেন। এছাড়া যুব সমাজের ধ্যান ধারণার মস্তিষ্ক, অনুভব করার হৃদয় এবং কাজ করার হাত- এই তিনটিকে সক্রিয় রাখতে বলেছেন বিবেকানন্দ। স্বামীজীর জন্মদিনটিকে (১২ই জানুয়ারী) আমরা জাতীয় ‘যুব দিবস’ হিসেবে পালন করি। আমাদের দৈনন্দিন কাজের মাধ্যমে তাঁর প্রদর্শিত সুমহান পথ- অনুসরণ করাই তাকে সম্মান জানানোর শ্রেষ্ঠ পথ। স্বামীজীর

উত্তরন



বজ্রকণ্ঠে প্রদত্ত ভাষন- “হে বীর, সাহস অবলম্বন কর, সদর্পে বল- আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই..... ভারতের সমাজ আমার শিশুশয্যা, যৌবনের উপবন, বার্ষ্যাক্যের বারানসী।”

বাংলা ভাষায় চলিত রীতির প্রয়োগ, সাধু ভাষার পরিবর্তে চলিত ভাষার ব্যবহার প্রভৃতি বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করেছেন বিবেকানন্দ। বিবেকানন্দ রচিত- ‘বর্তমান ভারত’, ‘প্রাচ্য ও পাশ্চাত্য’, ‘পরিব্রাজকের ভিক্ষা’, ‘রাজযোগ’, ‘ভক্তিযোগ’, প্রভৃতি গ্রন্থাবলী বাংলা ভাষার অমূল্য সম্পদ। উক্ত গ্রন্থগুলোর বিবিধ সংস্করণ প্রকাশ করা, গ্রন্থগুলোর উপযুক্ত সংরক্ষণ হবে তাঁর জন্ম সার্থ শতবর্ষের যথোপযুক্ত শ্রদ্ধাঞ্জলি।

বর্তমান ভারত বহু সমস্যা জর্জরিত। বিবেকানন্দের স্বপ্নের ভারত আজ শতধা বিচ্ছিন্ন। আমাদের জাতীয় সংহতি আজ বিপন্ন। এক বিরাট অবক্ষয়ের মুখোমুখি আমরা। সাম্প্রদায়িকতা, উগ্র প্রাদেশিকতা বিচ্ছিন্নতাবাদ, বর্ণ বিদ্বেষ, গোষ্ঠী দ্বন্দ্ব, উগ্রবাদী সমস্যা আমাদের জাতীয় সংহতিকে বিপন্ন করে তুলছে। জাতি ভেদ সমস্যা, ধর্মীয় সংকীর্ণতা, অন্ধ কুসংস্কার জন জীবনকে বিপন্ন করে তুলছে। তাই সমস্যার জগদ্বল পাথর চাপা আমরা। এই সংকটজনক পরিস্থিতিতে স্বামীজীর আদর্শ ও বানীতে আমাদের উদ্বুদ্ধ হওয়া উচিত। বিবেকানন্দের মানবপ্রেমের আদর্শই সংকট নিরসনের একমাত্র পথ। তাই বিশ্ব ভ্রাতৃত্ববোধ, সৌভ্রাতৃত্ববোধ ও মানুষে মানুষে বিশ্বাসের ক্ষেত্রকে আর ও সম্প্রসারিত করতে হবে। সারা দেশে আজ যে ক্ষয়ের রূপ চোখে পড়ছে যুব সমাজ তাতে হচ্ছে বিভ্রান্ত। যেহেতু বিবেকানন্দের জীবনই তাঁর বাণী, সেহেতু যুব সমাজের কাছে তাঁর জীবন আচরনই হল আদর্শ-স্বরূপ।

কর্মযোগী বীরসন্ন্যাসী বিবেকানন্দের জন্ম সার্থ শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে আমাদের করণীয় কিছু রয়েছে। বিবেকানন্দ রচনাবলীর প্রকাশনা ও দায়িত্ব গ্রহণ, বিবেকানন্দ স্মৃতিতে তরুণ মনে উৎসাহ প্রদান, যুব দিবস পালন, যুব দিবসে বিভিন্ন ক্রীড়ানুষ্ঠানের আয়োজন, বিবেকানন্দের নামানুসারে সরণি, পাঠাগার ইত্যাদির নামকরণ, বিবেকানন্দ চর্চা ইত্যাদি। অতএব সার্থশত বর্ষ পূর্তি উপলক্ষ্যে বিবেকানন্দের চিন্তাধারা ও আদর্শ সমাজের দ্বারে দ্বারে ছড়িয়ে দিতে প্রয়াসী হতে হবে। বিবেকানন্দ আমাদের স্মরণে ও মননে যে চির ভাস্বর।

### মনচায়

--দেবজ্যোতি আচার্য্য

স্বপ্ন দেখছে আজ এ মন,  
যদি অন্যরকম হতো এ জীবন।  
শহরের চেনা রাস্তা ছেড়ে তাই,  
অন্য পথে যেতে আমি চাই।  
একটা ছোট ইচ্ছে সারাক্ষণ,  
তাড়িয়ে বেড়ায় আমায় অকারণ।  
তোমায় যদি আমার সাথে পাই,  
অন্য একটা দেশে চলে যাই।  
এক অজানা স্বপ্নের খেয়ালে আমি  
আমার স্বপ্নের একটুখানি কী নেবে তুমি !!!

## মন খারাপ আমাদের ধর্মনগরের

...বিজন দেব/নাগরিক সমাজ

৯৮৬৩৬৭৯৯২২

মন খারাপ আমাদের সবার প্রিয় ছোট্ট শহর ধর্মনগরের। সন্ধ্যার পর কান পাতলেই তার দুঃখি দুঃখি দীর্ঘশ্বাস শুনতে পাওয়া যায় কালী দিঘীর চারপাশে। এর নিঃসঙ্গতা আর নির্জনতার পাথর যেন বুকে চেপে থাকে সাররাত।

আর মন খারাপ হবে নাই বা কেন! চোখের সামনে কিলবিল করে বেড়ে উঠা সেইসব উজ্জ্বল ছেলেমেয়েরা হটাৎ যেন করে কোথায় না বলেকয়ে চলে গেছে সবাই। আর যারা রইল তারাও যেন একটু দলছুট, নিঃশব্দ ও আটোসাটো। ঠিক তারই মতো একসময় যাদের দিঘীর পাড়ের রেলিং ধরে কারনে অকারনে হাসির ফোয়ারায় ছুয়ে যেত তার হৃদয়, আজ তারাই দল বেঁধে ম্যাকডোলাভ, কে এফ সি, কিংবা বিগবাজারে-সবার খবরই রাখে আমাদের এই দুঃখি শহর। কিন্তু সে জানে তার কিছু করার নেই। দুঃখি মায়ের মতো শুধু ঘনঘন শ্বাস পড়ে তার আর মনে মনে ভাসতে থাকে তার শরীরে লেপ্টে থাকা সেই ছেলেমেয়েদের অনাবিল আনন্দের রেশ, যারা কৈশোরের সমস্ত গোপন ও একান্ত সব কথা খোলে বলত তাকে। আর কোন মনখারাপ কিশোরকে জোর করে দাঁড় করিয়ে রাখত বড় দিঘীর কোন পাড়ে আর হাওয়ার পর হাওয়ায় ঠিক করে দিত তার মন খারাপ সকল অসুখ।

আমাদের পানের শহর ধর্মনগরের বেজায় মন খারাপসে জানে মানুষ তো আর চিরদিন একজায়গায় থেমে থাকেনা। চলতে থাকার নামই তো হচ্ছে জীবন। তার মনে একটুকু হিংসেও নেই পুনে, মুম্বাই, কলকাতা, দেহাদুন, ব্যাঙ্গালোর কিংবা গৌহাটির, প্রতি। আলো বলমল রাত কিংবা হাজারো স্বপ্নের হাতছানির এইসব শহর কি কেউ তারমত এতবড় একটা দিঘীকে একদম হৃদয়ে জায়গা করে দিতে পেরেছে! গলা ধরে আসে তারা, সবাই কে তো যেতেই হবে একদিন, তাইবলে এভাবে? শিকড়- বাকড় উপড়ে ফেলে সবকিছু ভুলে! মাঝেমধ্যে ছুটিতে বেড়াতে আসা তাদেরকে অদ্ভুত ভাবে দেখে এই শহর। কেমন যেন অচেনা, পাল্টেযাওয়া সব চেহারা, কোথায় সেই আগের প্রাণখোলা হাসি! এ যেন কোনো পর্যটকের শীতের শহরে বেড়াতে আসার মতো। দায়হীন ও প্রাণহীন। এত তাড়াতাড়ি ভুলে যাওয়া যায় পুরোনো শহরের স্মৃতি?

আমার শহর জানে আরো অনেক শহরের কথা। কোথায় কোন শহরে যেন প্রত্যেক বছর পূজায় ঘরে ফেরা প্রবাসী, সন্তানদের সহায়তায় গড়ে ওঠে কোনো দাতব্য সংস্থা কিংবা কোনো গরীব কিন্তু মেধাবী ছাত্রছাত্রীদের সাহায্যে জমায়েত হন অনেকেই। শিকড়ের টানে ফিরে আসা মানুষদের গল্প উচাটন করে আমাদের। সে জানে সে বড় নিঃসঙ্গ, অভাগী ও নিঃসঙ্গ। শিকড় উপড়ে ফেলার যত্ননা বুক নিয়ে এই শহর তবুও মাঝেমধ্যে স্বপ্নে বিভোর হয় পথচয়ে, যদি কেউ ভুল পথে ফিরে আসে হটাৎ! আমার এই শহরের সাথে প্রায়ই দেখা হয়ে যায় এখানে-ওখানে। তার দুঃখের কথা চুপ করে শুনি। আর মাঝে মাঝে ভেতরে-ভেতরে হাসি। কিছুকথা লুকিয়ে রাখি। সবকথা বলব বলেও চুপচাপ থাকি। কিন্তু আর নয়, এইবার হয়তো বলে দিতেই হবে সব কিছু। হয়ত কেউ কেউ ভুলপথে ফিরে আসার আসায় অপেক্ষায় দাড়িয়ে ভাবছে তোমার কথা- হে আমার প্রিয় শহর, সবে তো আর ভুলে যানি তোমার উত্তাপ, তোমার উষ্ণতা। শিকড়ের উপড়ানোর যত্ননা শুধু তোমার একার নয়, -আরো কেউ কেউ তা টের পায় দূরের পাহাড়ী শহরের শীতলতার ঘোরপাকে বসে। কালই আমি তোমায় বলে দেব এরা কারা, এদের নাম। দোহাই ঈশ্বর, আজ একটুকু তো হাসো হে আমার পানের শহর- ধর্মনগর।।



## যুবসমাজ কোন দিকে

--স্বপন ধর

“Get up o lions and shake off the selusion that you are sheep”

-স্বামী বিবেকানন্দ

পরাদীনতার অন্ধকারে নিমগ্ন জাতির হৃদয়কে কে অগ্নিমন্ত্রে উজ্জীবিত করে তুলেছিল ? কে এই জড়তাগ্রস্ত, সুপ্ত, জাতিকে মৃত্যুঞ্জয়ী বাণী শুনিয়েছিল ?- যুবসমাজ ।

সবুজ সতেজ যৌবন বয়স প্রানোচ্ছল শক্তি ও সম্ভাবনার প্রতীক । এই দুরন্ত, চিরচঞ্চল যুবক সমাজ সমাজের সকল আশা ভরসার অমূল্য সম্পদ সমাজের চোখের মনি, চিরোজ্জ্বল অমর প্রদীপ । সমাজের কোন পাপ পঙ্কিলতা তাদের স্পর্শ করতে পারে না । প্রানে সরলতা, দুরন্তপণা, চির-চাপল্য, মুখ-কান্তি সদাহাস্যমন্ডিল পরিশুদ্ধ সোনা । চিন্তায় ভাবনায়, সৃষ্টিতে সর্বযুগের অগ্রবর্তী তার, দেশের সকল কালের অকম্পিত তেজস্বিতা ও জাগ্রত প্রাণের বিপুল উৎসাহের আবেগময় নির্ভীক অভিব্যক্তি ।

শতাব্দীর যাত্রাপথে আমরা দেখেছি, মৃত্যুয় বর্বতায় আমাদের ইতিহাসের মুখে পড়েছে দুরপনয় কালি । দেখেছি, বিট্রিশ সম্রাজ্যের চপলতা, বর্বরতা, কুটিলতা, জটিলতা, একচ্ছত্র প্রভুত্ব বিস্তারের জন্য সাম্রাজ্যবাদী শক্তির একের পর এক ধ্বংসলীলা, সমাজের স্বার্থস্বার্থী মানুষদের চক্রান্ত ও হৃদয়হীন পৈশাচিকতা । সমাজে ঘনিয়ে এসেছিল অমাবস্যার কালো ঘন ছায়া, দুর্ভিক্ষ, মহামারী, কিন্তু বরাবরই হত্যামঞ্জের কড়াল থাবা থেকে সমাজকে উদ্ধার করে এসেছে এই যুবসমাজ প্রাণ প্রাচুর্যে ভরা এই তরুন গরুড়ের দল জাতির অসীম শক্তি ও সম্ভাবনার নির্ভীক প্রতীক ।

স্বামী বিবেকানন্দ বলেছিলেন “হে বীরহৃদয় যুবকগন, তোমরা বিশ্বাস কর যে; তোমরা বড় বড় কাজ করবার জন্য জন্মেছ । খাড়া হয়ে ওঠো, ওঠো কাজ কর ।” প্রাকৃতিক খামখেয়ালিপনায় মানব জীবনে নানা বিপর্যয়কর দৈব দুর্বিপাকের অভাব নেই । সেই দুর্বিপাকে পদতলে দমিত করে অমিত শক্তিধর এই যুবসমাজ ইলেকট্র-ম্যাগনেটের মতো শক্তিশালী । যুদ্ধক্ষেত্র থেকে শুরু করে খেলাধুলার ব্রিভিন্ন পর্যায়ে বিশ্বসমাজে গুরুত্বপূর্ণ পদে আসীন এই যুবসমাজ । বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে নবলব্ধ জ্ঞানের সম্পদে সমৃদ্ধ হয়ে তারা রেখে চলেছে বিস্ময়কর সাফল্যের স্মরণীয় স্বাক্ষর । জ্ঞানের অপরাজেয় শক্তিতে শক্তিমান হয়ে তরুন সমাজ নিঃপ্রান অচলায়তনের পাষানপ্রাচীর ধূলিসাৎ করে সমাজের শুভময় প্রাণময় প্রগতির পথ রচনা করে পরিচালিত করে সমৃদ্ধির প্রাণোচ্ছল দিগন্তে ।

একবিংশ শতাব্দী ভারত আজ ক্রমাঙ্ঘয়ে উন্নতির শিখরে গতীয়মান । ভারত আজ নিজস্ব পারমানবিক অস্ত্র বানাতে সক্ষম । কিন্তু তবুও ভারত আজ পশ্চাৎপদ । এখনও উন্নয়নশীল রাষ্ট্র । উন্নয়নশীল যে কবে কবে উন্নতির শিখরে পৌছাবে তা কেউ বলতে পারবে না । স্বভাবতই এর পিছনে প্রশ্ন থেকেই যায় কেন ? কায়েমি স্বাহাচক্রের সাম্প্রদায়িক প্ররোচনায় ভারতের ধর্মনিরপেক্ষ রাষ্ট্র দর্শ বারে বারে অগ্নি পরীক্ষার সম্মুখীন হচ্ছে । বৈদেশিক শাসন তথা বিট্রিশ শাসনের হাতে থেকে ভারত মা-কে রক্ষার্থে রক্তাক্ত বিপ্লব এনেছিলেন বীর যুবকরা, স্বাধীন করেছিলেন ভারতবর্ষ কিন্তু স্বাধীনতার ৬৫ বছর পর আজ সেই সাম্প্রদায়িক, প্রাদেশিক ও রাজনৈতিক ভেদবুদ্ধিও কদর্ম পঙ্কিলতা অত্যন্ত প্রকটরূপে আত্মপ্রকাশ করেছে । কিন্তু ভূমিকায় আজ বৈদেশিক বা ইংরেজ কর্মকর্তাগন নন, আছেন স্বার্থস্বার্থী, অসৎকামী শাসকবর্গ । তাদের অপরীসীম লোভ লালসা, ক্ষমতা বর্তমান যুবসমাজকে ভ্রান্তপথে পরিচালিত করছে । যুবসমাজ নির্ভীক, সত্যবাদী, স্পষ্টবাদী । কিন্তু আজ এই জাতির মুক্তিদূত নানান প্রলোভন পৌরচনার শিকার । যে যুবসমাজ দেশে-দেশে, দিশে-দিশে আহৃত জ্ঞানের সম্পদ ছড়িয়ে দিতে, সেই যুবসমাজ আজ ধ্বংসলীলায় মেতে উঠেছে ।

উত্তরন

রাষ্ট্রনায়কদের নগ্ন নির্লজ্জ চিন্তাশক্তি, কূটকুনলী চিন্তাশক্তি, এই নিষ্পাপ, যুবক-হৃদয়ের মর্মতলে ড্রাগের মতো বিষ ঢুকিয়ে অর্থনৈতিক শোষণের ব্যবস্থা পাকা করে রাখতে চায়। এইসব অসৎকামী শক্তিগুলি স্বার্থাকাঙ্ক্ষী চিন্তাধারা আজ তাই জন্ম দিচ্ছে 'আজমল কাসভে'র মতো নানান কূটনৈতিক শিক্ষার মাধ্যমে যুবসমাজকে বিধিয়ে তুলেছে। রাজনৈতিক বেড়া জালে আজ আটকে আছে যুবসমাজ। স্কুল থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত আজ রাজনৈতিক কালোছায়া বিরাজমান। বুদ্ধিমত্তা, জ্ঞান আজ যেন মূল্যহীন, রাজনীতি হয়ে উঠেছে জীবনের মূল লক্ষ্য। তাই আজ অচিরেই বলসে যাচ্ছে যুবসমাজ বলসে যাচ্ছে তাদের মতাদর্শ, জন্ম নিচ্ছে লোভ-লালসা।

কিন্তু এর জন্য সম্পূর্ণভাবে দায়ী ক্ষমতাসম্পন্ন রাজনৈতিক কর্মকর্তাগণ। কেন আজ জ্ঞানের মূল্য নেই, কেন যুব-সমাজকে আজ রাজনীতির আশ্রয় দিতে হয়। আজ যেন রাজনীতির পদধূলি ললাটে নিয়ে এগোতে হচ্ছে যুবসমাজকে।

যে যুবসমাজ জ্ঞানবিজ্ঞান ও প্রযুক্তিসাধনার উজ্জ্বল স্বাক্ষর, যে সমাজের ধারক ও বাহক, সেই যুবসমাজকে যদি তার জ্ঞান সাধন প্রকৃত মূল্যবোধ না করা হয়, তবে স্বভাবতই যুবসমাজ ভ্রান্তপথ বেঁচে নেবেই। ফলে ধ্বংসলীলায় মেতে উঠবে যুবসমাজ, দেশে সৃষ্ট হবে অশান্তি, অস্থিতিকর পরিবেশ।

তাই আজ যুবসমাজকে সঠিক পথে পরিচালিত করতে হলে, দেশের সমৃদ্ধি ও সফলতা পুনরায় ফিরিয়ে আনতে হবে। দেশকে জগৎসভার শ্রেষ্ঠ আসনে আসীন করতে হলে প্রথমে রাজনৈতিক শক্তি তথা অমঙ্গনকামী রাষ্ট্রকর্মকর্তাদের স্বার্থান্বেষী মনোভাব পরিত্যাগ করতে হবে এবং তৎসঙ্গে যুব সমাজকে তাদের নবলব্ধ যুক্তির পথে সেই গভীরে প্রবেশ করতে হবে এবং আবিষ্কার করতে হবে তার উপযুক্ত সমাধান সূত্র। ফলে উন্নয়নশীল দেশ শীঘ্রই উন্নতির শিখরে পৌঁছবে। তবেই যুব সমাজের অপরাজেয় শক্তিবলে জ্বলে উঠবে সমাজের মঙ্গল প্রদীপ, সমাজের মুখে উঠবে নিত্য নব সাফল্যে উজ্জ্বল হাসি।

ভারতের তুলনায় অতি ক্ষুদ্র রাষ্ট্র জাপান, আমেরিকা যুক্তরাষ্ট্র আজ উন্নতির শিখরে পৌঁছতে চলেছে। আজ আমরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এইসকল রাষ্ট্রের উপর নির্ভরশীল- রাষ্ট্রে অভাবনীয় প্রগতির পেছনে রক্তবিন্দু ঢেলে দিয়েছে সেইসব রাষ্ট্রের যুবসমাজ। ভারতে ১১০ কোটি জনসংখ্যার কোটি যুবক সমাজ। তবে কেন এই দেশ আজও উন্নয়নশীল। উন্নয়নশীল দেশ কবে উন্নীত হবে? দরকার যুবসমাজের অগ্রসরতা, তাদের আত্মোৎসর্গ।

## মর্খাদা

--স্বপন ধর

আমরা দুর্বল, আমরা গরীব  
আমরা হইয়াছি শোষিত, হইয়াছি লাঞ্চিত  
আমরা পদদলিত, আমরা অবহেলিত  
আমরা ঝরাইয়াছি রক্ত ঘামের মতো  
জুগাইয়াছি চাহিদা তোমাদের মতো  
শোধিতে সেই ধন হাত বাড়াইয়াছ  
সেই হাতে আজ শ্বেতবস্ত্র ধরিয়াছ  
কিন্তু আর কতদিন ?  
একদিন এই মর্মজ্বালার লেলিহান শিখায়  
তোমাদের ও দিতে হইবে অগ্নিহুতি।



## দুর্গা পূজা বাঙালীর শ্রেষ্ঠ উৎসব

--রজত নাথ

বর্ষার মেঘভার সরে গিয়ে ঘননীল আকাশ, নদীতে যখন সাদা মেঘের গামছা ভাসে- শরৎকন্যা তখন সোনাঝরা হাসিতে ভরিয়ে দেন সমগ্র প্রকৃতিকে। আর ঠিক তখনই ঢাকিরা ঢাক বাজায়; আমাদের মনে-প্রানে অকারনেই একটা খুশীর হাওয়া বইতে থাকে।

কবি বলেছিলেন-

“এসেছে শরৎ, হীমের পরশ  
লেগেছে হাওয়ার পরে।  
সকাল বেলায় ঘাসের আগায়  
শিশির রেখা ধরে।।”

ভোরের শিশির ভেজা ঘাস, বাতাসে শিউলি ফুলের গন্ধ জানিয়ে দেয় শরতের আগমন বার্তা। আর ঠিক তখনই শুরু হয় বাঙালীদের শ্রেষ্ঠ উৎসব “দুর্গাপূজা”-র প্রস্তুতি।

সারা বছর থেকেই আমরা সকলে এই সময়টার জন্য অধির আগ্রহে থাকি। আর শরৎ আমাদের দরজায় কড়া নাড়তেই আমাদের মন উৎসবের মেজাজে মেতে উঠে। শুরু হয় ক্লাবে-ক্লাবে পূজোর প্রস্তুতি, মন্ডপ তৈরি, প্রতিমা নির্মাণের হিড়িক লেগে যায়।

মনে পড়ে; ছোটবেলায়, যখন সবে স্কুলে ভর্তি হয়েছি কিনা; পূজো আসলেই পূজোর নতুন জামার জন্য অপেক্ষায় থাকতাম, আর পূজোর চারটি দিনই গ্রামের পূজো মন্ডপে দাদাদের সঙ্গে ঘুরতাম। কত আনন্দ আর মজায় ঘেরা ছিল দিনগুলি! আজও সেই দিন গুলির কথা মনে পড়লে চোখে জল এসে যায়। সেই দিনগুলি তো আর ফিরে পাবো না কোনো দিন; আর সেদিনের আনন্দ টাও.....!!!

১৫-১৬ বছর আগের কথা। যখন আমি ছোটো। তখন, পূজোর সময়ের যে প্রাকৃতিক সৌন্দর্য্য চোখে পরত, তখন তা বোঝতে না পারলেও, আজ বুঝতে পারি তখনকার আর এখনকার প্রাকৃতিক পরিবেশের মধ্যে কতটা তফাৎ সৃষ্টি হয়েছে। তখন পূজোর সময় বেশ একটা ঠান্ডা পড়ে যেত। রীতিমতো শীতবস্ত্র পরে বের হতে হতো। ভোরের কুয়াশায় ভেজা শিউলি ফুলের সৌন্দর্য্য মুখর করত। চারিদিকে কাশফুলের গুঁড়তা, আলতো বাতাসে দুলাত। আর চারিদিকে পূজোর ব্যাদ্যি আর ঢাকের শব্দের আনন্দটা যে কি রূপ নিত, তা ভাষা দিয়ে বোঝানোর সাধ্য আমার নেই।

আর, এখন পূজোতে তো গরম-ই থাকে। ঠান্ডা পড়ছে কি..না....। তবুও পূজো এলে গরম-ঠান্ডার চিন্তা তো আর মাথায় থাকে না। আজকাল সবাই ব্যাস্ত, তবুও এতো ব্যাস্ততার মাঝে সময় বের করে মায়ে পূজোর প্রস্তুতিতে সবাই মেতে উঠে। ক্লাবে-ক্লাবে শুরু হয় Super Star বনাম Mega Star এর লড়াই। বাজেট পূজো। কার চেয়ে কার মন্ডপ বেশী আকর্ষণীয় করে তুলতে পারেন আর Super Star, Mega Star এর শিরোপা তুলতে পারেন, তারই ব্রত শুরু হয়।

তখনকার মহালয়ার ভোরে রেডিও তে মহীষাশুরমর্দিনী শোনা। উফঃ সেই মুহূর্তের কথা মনে হলে প্রান জুড়িয়ে যায়। তবে, আজকাল সেই স্বাদটা আর পাওয়া যায় না। আজ কটা বাড়িতেই বা রেডিও চোখে পড়ে।

ক্রমে এগোতে থাকে দিন। শেষ পর্যন্ত এসে পড়ে দীর্ঘ আখাজিত সেই সময়, অর্থাৎ পূজারম্ভের প্রথম দিন- “ষষ্ঠি”। বিকেল হতে না হতেই বেরিয়ে পড়া, পরিবার কিংবা বন্ধুদের সঙ্গে। তবে পুরো পরিবারের সাথে

উত্তরন



পূজো দেখার আনন্দটাই আলাদা। নতুন জামা কাপড় জুতো। ঘুরে ঘুরে মন্ডপ দেখা, প্রতিমা দর্শন। শেষমেষ কোনো একটা ভালো রেস্তোরাঁ-এ গিয়ে পেট পূজোটাও সেরেফেলা। আসতে আসতে সপ্তমী-অষ্টমী এমন-কি নবমীটাও এসে যায়। আনন্দের মধ্যে কীভাবে দিনগুলো চলে যায়, বোঝা-ই যায় না। মনে হয় এই চারটি দিন বুঝি ২৪ ঘন্টার বদলে ১২ ঘন্টায় শেষ হয়ে গেছে।

নবমী। মনে হলেই মনটা খারাপ হয়ে যায়। দিনটা চলে গেলেই তো পূজার সমাপ্তি অর্থাৎ মা-কে বিদায় জানাবার দিন- বিজয়া দশমী। কীভাবে মা-কে বিদায় জানাবো? মনটা ভারাক্রান্ত হয়ে পড়ে। কিন্তু, কালের নিয়মে মা-কে বিদায় জানাতেই হয়।

কিন্তু, আমরা মা-কে বিদায় জানলেও, মন থেকে তো আর মা-কে বিদায় দিতে পারি না। তাই মনে মনে দিন গুনতে থাকি, আর বলি- “আসছে বছর আবার হবে.....।”

## জীবানু

--স্বপন ধর

জীবানু ঢুকেছে আজ মানুষের মনে মনে  
কখন কী হয় কেহ জানে না,  
এই ত্রাস এখন চারিদিকে প্রতিনিয়ত  
সৃষ্টি করেছে এক অশান্তিময় পরিবেশ।  
দেশটি হল তিনখন্ড,  
দেশের নেতা সাজছে ভন্ড  
আত্মশ্রাদ সন্ত্রাস এই জীবানুর প্রতিষেধক  
কেহ কী খুঁজছে?  
আত্মসম্মান দিয়েছে ভূমিতে লুটিয়ে  
জীবনটাকে নিয়েছে গুটিয়ে,  
প্রতিষেধকের অভাবে সৃষ্টি এই ত্রাস  
আজ করবে মানবজাতির নাশ।

## গাছের মহা শত্রু- কৃমি

--ডঃ রবেন্দ্র চন্দ্র নাথ

গোল কৃমি বা রাউন্ড ওয়ার্ম বা সাধারণ কৃমি বলতেই আমাদের চোখের সামনে ভেসে উঠে কেঁচোর মত বড় কৃমি বা অ্যাসকারিস, নয়তোবা সুতোর মত ছোট ছোট কুচো কৃমি বা পিন ওয়ার্ম, যারা মানুষ ও অন্যান্য প্রাণীদেহে পরজীবী হিসাবে বসবাস করে। এছাড়াও আমরা অনেকেই লুক ওয়ার্ম, গিনিয়া ওয়ার্ম, আই ওয়ার্ম, টেপ ওয়ার্ম, ফাইলেরিয়া ওয়ার্ম ইত্যাদি ওয়ার্ম সম্পর্কে অল্প বিস্তর জানি। কিন্তু আমরা হয়তো খুব কম সংখ্যক মানুষই আছি, যারা এই সকল প্রাণীদেহে বসবাসকারী কৃমি ছাড়া আরো যে বহু জাতের কৃমি আছে সে সম্বন্ধে আমাদের কোন ধারণা নেই। এরপর আবার উদ্ভিদের কৃমি, এ কীরে বাবা? উদ্ভিদের আবার কৃমি হয় নাকি? আশ্চর্যের হলেও সত্যি, প্রাণীদের ন্যায় উদ্ভিদের দেহেও কৃমি হয়। কিন্তু দুঃক্ষের ব্যাপার একবিংশ শতাব্দীতে এসেও আমরা কিন্তু বেশীর ভাগ মানুষই আছি, যারা উদ্ভিদেরও কৃমি হয় শুনার সাথে সাথে নাক সিটকাই। এরা আকারে সাধারণত এত ছোট হয় (0.5 - 5mm) যে খালি চোখে আমরা তাদের দেখতে পাই না। তাই এদের সঙ্গে আমাদের পরিচয়ও হয়েছে অনেক পরে। কৃমিদের মধ্যে উদ্ভিদ কৃমিরাই সংখ্যায় সবচেয়ে বেশী এবং পৃথিবী ব্যাপী এরা বিস্তৃত এবং এই ব্যাপক বিস্তৃতিকে বিজ্ঞানী কব (Cobb, 1915) এভাবে প্রকাশ করেছেন, “যদি কোন যাদু বলে নিমাতোড় ছাড়া পৃথিবীর সমস্ত উপাদান সহসা বিলীন হয়ে যেত, তাহলেও আমাদের গ্রহ তারা সমস্ত অরণ্য, পর্বত, নদী, উপত্যকা নিয়ে পরিদৃশ্য মান হত এবং তা হত নিমাতোড়ের ক্ষীণ আস্তরণে”।

প্রায় সমস্ত উদ্ভিদকেই কৃমি আক্রমণ করে এবং এরা থাকে মূলত উদ্ভিদের মূলের ভিতরে গুটি তৈরি করে অথবা উদ্ভিদের মূল সংলগ্ন মাটির মধ্যে। তবে কিছু কিছু উদ্ভিদ কৃমি আছে, যারা আবার তাদের বসবাস স্থল হিসাবে বেছে নেয় গাছের পাতা বা বীজ বা কাণ্ডকে। উদ্ভিদের পরজীবী কৃমিদের ধ্বংস লীলা বিজ্ঞানীর প্রথম উপলব্ধি করতে পেরেছেন ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে। ঐ সময় কৃমির আক্রমণে ইউরোপে সুগার বিট উৎপাদন এতই কমে যায় যে সমগ্র ইউরোপের চিনি কলগুলি বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়।

আমাদের ভারতবর্ষে উদ্ভিদের কৃমি নিয়ে চর্চা শুরু হয় 1913 খ্রীষ্টাব্দে বর্তমানে ভারতবর্ষের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে এবং দিল্লীর, ‘ভারতীয় কৃষি অনুসন্ধান প্রতিষ্ঠানে’ (Indian Agricultural Research Institute) নিমাতোড় বা কৃমি নিয়ে ব্যাপকভাবে গবেষণা হচ্ছে। কিন্তু এখনো আমাদের দেশে কৃষির ক্ষেত্রে এবং সাধারণ কৃষক ভাইদের কাছে উদ্ভিদের কৃমির ক্ষতি-প্রকৃতি সম্বন্ধে সচেতনতা তৈরি হয়নি। এর পিছনে বড় কারণ হচ্ছে উদ্ভিদের কৃমিরা প্রায় সবাই আনুবীক্ষনিক হওয়ায় খালি চোখে দেখতে না পাওয়া। কৃষক চাষী ভাইরা খালি চোখে দেখতে পাওয়া ক্ষতিকারক কীট-পতঙ্গদের দমন করতেই যেখানে নাজেহাল হয়ে যাচ্ছেন, সেখানে খালি চোখে দেখতে না পাওয়া কৃমি নিয়ে চিন্তা-ভাবনা করার কোন অবকাশই পাচ্ছেন না। অথচ ভাবলে অবাক হতে হয়, আমাদের দেশে এই অতিক্ষুদ্র কৃমি কর্তৃক ফসলের ক্ষতির পরিমাণ গড়ে প্রায় ২০-৩০ শতাংশ।

ভারতবর্ষ তথা ত্রিপুরায় যে সকল উদ্ভিদ কৃমির আক্রমণে গাছের ব্যাপক ক্ষতি হয়, তাদের মধ্যে উল্লেখযোগ্য হল-

- (১) মেলয় ডোগইনি প্রজাতি (সাধারণ নাম রুট নড নিমাতোড়)
- (২) হেটেরোডেরা প্রজাতি (সাধারণ নাম সিস্ট নিমাতোড়)
- (৩) হেলিকোটাইলেনকাস প্রজাতি (সাধারণ নাম স্পাইরাল নিমাতোড়)
- (৪) প্রোটাইলেনকাস প্রজাতি (সাধারণ নাম লেশন নিমাতোড়)
- (৫) রেডোফেলাস প্রজাতি (সাধারণ নাম বারোয়িং নিমাতোড়)
- (৬) টাইলেনকিউলাস প্রজাতি (সাধারণ নাম সাইট্রাস নিমাতোড়)

উত্তরন

- (৭) রটিলেনকিউলাস প্রজাতি (সাধারণ নাম রেনিফর্ম নিমাটোড)
- (৮) হার্সমেনিয়েল্লা প্রজাতি (সাধারণ নাম রাইস রুট নিমাটোড)
- (৯) হপ্পোলেইমাস প্রজাতি (সাধারণ নাম লেঙ্গ নিমাটোড)
- (১০) জিফিনিয়া প্রজাতি (সাধারণ নাম ডেগার নিমাটোড)

এই কৃমিগুলি সাধারণত ধান, গম, বেগুন, টেঁড়স, টমেটো, লাউ, কুমড়া, কলা, লিচু, আনারস, পেঁপে, চা, কফি, রাবার ইত্যাদি গাছের ব্যাপক ক্ষতি করে। এদের ক্ষতির হাত থেকে রক্ষা করার বিভিন্ন পদ্ধতি বর্তমানে প্রচলিত আছে। এদের মধ্যে উল্লেখযোগ্য হল- জমিতে পর্যায়ক্রমিক চাষ, মাটিতে সূর্যালোক ও তাপ প্রয়োগ, রাসায়নিক কৃমিনাশক প্রয়োগ, বিভিন্ন কৃমিনাশক উদ্ভিদ রস প্রয়োগ, ভাইরাস, ব্যাক্টেরিয়া ও ছত্রাক ব্যবহার করে কৃমি ধ্বংস করা, বিভিন্ন জৈব পচনশীল পদার্থ প্রয়োগ, কৃমি ভোজী বিভিন্ন জাতের প্রাণীর দ্বারা জৈবিক নিয়ন্ত্রণ, ইন্টিগ্রেটেড নিমাটোড ম্যানেজমেন্ট (INM) পদ্ধতির সফল প্রয়োগ ইত্যাদি।

কৃষক ভাইদের পক্ষে উপরোক্ত পদ্ধতি গুলির মধ্যে যেগুলি প্রয়োগ করা সম্ভব সেগুলির প্রয়োগের মাধ্যমে তাদের ফসলকে অনেকাংশে রক্ষা করতে পারবেন এবং ভারতবর্ষ তথা ত্রিপুরাকে শস্য-শ্যামলা করে তুলতে পারবেন।



## গণিত আকাশের উজ্জ্বলতম তারকা “অয়লার”

--শ্রী মাখন গোস্বামী  
সহ শিক্ষক, বি.বি.আই  
ধর্মনগর, উত্তর ত্রিপুরা

1707 খ্রীষ্টাব্দের 15ই এপ্রিল তারিখে জার্মানীর কলে শহরে জন্ম গ্রহণ করেছিলেন এমনই এক ব্যক্তিত্ব যিনি গণিতের এমন কোন শাখা নেই যেখানে বিচরন করেননি। উনার নাম লিওনার্ড অয়লার। তাঁর পিতার নাম পল অয়লার এবং মাতার নাম মার্গারেট। তিনি সুইজারল্যান্ডের ব্যাসেল বিশ্ববিদ্যালয়ে তেরো বছর বয়সে ধর্মতত্ত্ব বিষয়ে শিক্ষা লাভ করার জন্য ভর্তি হয়ে অবশেষে ইউরোপের বিখ্যাত গণিতজ্ঞ জন বানৌশির সান্নিধ্যে আসেন। অতি শীঘ্রই তিনি উনার পুত্রদ্বয় নিকোলাস ও ডেনিয়েলের ঘনিষ্ঠ বন্ধু হয়ে ওঠেন। কালক্রমে তিনি ধর্মতত্ত্ব বাদ দিয়ে গণিত চর্চায় পুরোপুরি মনোনিবেশ করেন। তিনি 1723 সালে মাত্র ষোল বছর বয়সে ব্যাসেল বিশ্ববিদ্যালয় থেকে গণিতে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। সপ্তদশ শতাব্দীকে শৌখিন গাণিতজ্ঞদের সময় বলা হয় আর অষ্টাদশ শতাব্দীকে বলা হয় প্রায় পেশাদার গণিতজ্ঞদের যুগ। এখানে পেশাদার অর্থে বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার কাজ এবং বিজ্ঞান বিষয়ক ভবনের সাথে যুক্ত বিশিষ্ট গুনিজনদের বোঝায়।

অয়লার বিভিন্ন সময়ে দুটি নব গঠিত একাডেমীর সাথে যুক্ত ছিলেন, এদের একটি সেন্ট পিটার্সবার্গের ইম্পিরিয়েল একাডেমী (1727-1741, 1766-1783) এবং অন্যটি হল বার্লিনের রয়েল একাডেমী (1741-1766)। সেন্ট পিটার্সবার্গের তিনি বিশিষ্ট পণ্ডিত ব্যক্তিত্ব এবং গণিতের অধ্যাপক ক্রিটি গোল্ডবার্কে (1690-1764)

সান্নিধ্যে আসেন। তিনি পরবর্তী সময়ে তৎকালীন রাশিয়ার বিদেশ মন্ত্রীও হয়েছিলেন। সম্ভবতঃ গোল্ডবার্কই একমাত্র ব্যক্তি যিনি ফার্মার সংখ্যাতত্ত্বের কাজের প্রতি অয়লারের দৃষ্টি আকর্ষণ করান। অয়লার রাশিয়ার রাজনৈতিক উৎপীড়নে ক্লান্তি বোধ করেন এবং 1741 সালে ফ্রেডারিক দ্য গ্রেট এর ডাকে সাড়া দিয়ে বার্লিন একাডেমীতে সদস্যপদ গ্রহণ করে বার্লিনে চলে যান। সেখানে তিনি 1766 সাল অবধি ছিলেন। 1766 সালে ফ্রেডারিক ও তাঁর পার্শ্বদদের ব্যবহারে অসন্তুষ্ট হয়ে আবার পূর্বস্থানে ফিরে যান এবং জীবনের বাকী সময় তিনি সেখানেই কাটান। আসার অল্পকাল পরেই প্রায় 62 বছর বয়সে তিনি সম্পূর্ণরূপে অন্ধ হয়ে যান। অন্ধত্ব তাঁর কাজের কোন বাধা সৃষ্টি করতে পারেনি, এমন কী দৃষ্টি শক্তি হারানোর পর তাঁর কাজের গতি উত্তরোত্তর বৃদ্ধি পায়।

নিঃসন্দেহে তিনি ছিলেন সমগ্র গণিত ইতিহাসের সর্বকালের সর্বশ্রেষ্ঠ গণিতজ্ঞ। তিনি তাঁর জীবদ্দশায় 700-এর বেশী বই ও গবেষণা পত্র রচনা করেন। এত বেশী পরিমাণ অপ্রকাশিত বিষয়বস্তু তিনি রেখে গেছেন যে তাঁর মৃত্যুর 47 বছর পরেও সেন্ট পিটার্সবার্গ একাডেমী এর ছাপানো শেষ করে সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারেনি। 1783

সালের 7ই সেপ্টেম্বর তারিখে প্রায় 76 বছর বয়সে তিনি সন্ধ্যাস রোগে আক্রান্ত হয়ে পরলোক গমন করেন।

অয়লার তখনকার সময়ের গণিতের প্রায় সব শাখা পর্যালোচনা ও বিশ্লেষণ করে অনেক অসঙ্গতি দূর করেন। এবং অপ্রমাণিত তত্ত্বের প্রমাণ করে সমগ্র বিষয়কে একটি সুসংবদ্ধ রূপ প্রদান করেন। এটা গণিতশাস্ত্রের সৌভাগ্য যে এরূপ কাজ অয়লারের মত একজন উপযুক্ত ও সুদক্ষ ব্যক্তির হাতে পড়েছিল। তিনি গণিতশাস্ত্রের প্রায় সকল শাখায় অবাধ বিচরণ করেছেন এবং নিজের পর্যবেক্ষণজনিত অনেক ফলাফলের বিবরণ প্রকাশ করেছেন।

এবারে অয়লারের আবিষ্কৃত কয়েকটি চিত্তাকর্ষক গাণিতিক তত্ত্বের নমুনা উল্লেখ করছি। কোন ত্রিভুজের লম্ববিন্দু, ভরকেন্দ্র ও পরিকেন্দ্র এদের পর্যবেক্ষণ করে দেখান যে এই তিনটি বিন্দু সমরেখ এবং লম্ববিন্দু ও পরিকেন্দ্র সংযোজক রেখাংশকে ভরকেন্দ্র সমত্রিখন্ডিত করে। এই রেখাকে অয়লার রেখা বলা হয়। যোগের জন্য (Summation)  $\sum$  চিহ্নটি এবং  $\sqrt{-1}=i$  চিহ্নটি, অপেক্ষককে  $f$  দিয়ে প্রকাশ অয়লার প্রবর্তন করেন।  $1 + \frac{1}{1} + \frac{1}{2} + \frac{1}{3} + \dots$  অসীম পর্যন্ত শ্রেণীকে সূচক শ্রেণী বলা হয়। এর সমষ্টি একটি অসীম সংখ্যা যাকে  $e$  দিয়ে প্রকাশ করা হয় ( $2 < e < 3$ )। নেপিয়ার লগারিদমের নিধান হিসেবে  $e$  কে ধরা হয়। অয়লার প্রমাণ করেন যে

$$e^{ix} = \cos x + i \sin x$$

সূত্রটিকে অয়লার উপপাদ্য বলা হয়। অবকলন বিদ্যায় অয়লারের একটি বিখ্যাত উপপাদ্য, যেকোন সমমাত্রিক অপেক্ষক  $f(x,y,z)$  এর ক্ষেত্রে

$$x \frac{df}{dx} + y \frac{df}{dy} + z \frac{df}{dz} = nf$$

যেখানে  $n$  হল  $f$  এর মাত্রা। অয়লার প্রবর্তিত সূত্র কোন কোন ক্ষেত্রে ব্যবহার করা হয়। দৃঢ় বস্তুর চলনকে তিনি দেখিয়েছেন যে এটি একটি বিশুদ্ধ চলন এবং একটি ঘূর্ণনের সমতুল্য। উদগতি বিদ্যায় অয়লার প্রবর্তিত সান্তত্য এবং গতির সমীকরণ বিশেষভাবে উল্লেখের দাবী রাখে।

অষ্টাদশ শতাব্দীর শুরুতে পূর্ব এশিয়ার কনিগসবার্গ শহরে অবস্থিত দুটি দ্বীপ এবং সাতটি সেতু। এই নিয়ে জনগণের মনে একটি সমস্যার উদ্বেগ হয়। কোন ব্যক্তির পক্ষে ঐ শহরের যে কোন জায়গা থেকে শুরু করে প্রত্যেক সেতু কেবল একবার অতিক্রম করে পুনরায় শুরুর স্থানে ফিরে আসা কি সম্ভব হবে? শহরবাসীরা প্রশ্নটি অয়লারের নিকট পাঠান। 1736 সালে তিনি প্রমাণ করেন যে এটি অসম্ভব। এই সমস্যার সমাধান থেকে লেখতত্ত্বের(Graph Theory) সৃষ্টি হয়। উনাকে লেখতত্ত্বের জনক বলা হয়। উনার আবিষ্কৃত লেখতত্ত্বের সম্পর্কিত বিখ্যাত সূত্রটি এইরূপ যে কোন সংযুক্ত চিত্রের (Connected-graph) ক্ষেত্রে  $V-E+R=2$  হবে যেখানে  $V$ -Vertex,  $E$ -Edge এবং  $R$ -অঞ্চল এদের সংখ্যা বোঝায়। ইউক্লিডের একটি উপপাদ্য হল একটি যুগ্ম সংখ্যা সম্পূর্ণ হবে (Perfect) যদি একে  $2^{p-1} (2^p-1)$  আকারে প্রকাশ করা যায় যেখানে  $P$  ও  $2^p$  উভয়ই মৌলিক সংখ্যা। অয়লার এই উপপাদ্যের বিপরীত উপপাদ্য প্রমাণ করেন। Fermat (1601-1665) অনুমান করেছিলেন যে  $n$  এর যে কোন পূর্ণমানের জন্য  $F_n$  সংখ্যাটি মৌলিক হবে যেখানে,  $F_n = 2^{2^n} + 1$  কিন্তু অয়লার 1732 সালে দেখান  $F_5$  সংখ্যাটি যৌগিক।  $F_5 = 2^{2^5} + 1 = 2^{32} + 1 = 641 \times 6700417$  অয়লার প্রথমেই বিশেষ ভাবে দেখান যে একটি অসীম শ্রেণীকে নিরাপদে প্রয়োগ করা যাবে না সেটি অভিসারী হয়। তিনি দেখান যে

$$Lt (1 + \frac{1}{2} + \frac{1}{3} + \dots + \frac{1}{n}) - \log n = 0.5772157\dots$$

একে অয়লার ধ্রুবক আখ্যা দেওয়া হয়।

এইভাবে গণিতের বহু তত্ত্ব প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে অয়লারের আবিষ্কারের নিকট ঋণী। আন্তর্জাতিক গণিত বর্ষ 2012 সালে সর্বকালের গণিত সাধক অয়লারের প্রতি রইল আমার সশ্রদ্ধ প্রণাম।



### কিছু জানা-অজানা তথ্য :-

- (১) সভ্যতার অগ্রগতি নির্ভর করে চাকার উপর। প্রথম চাকার আবিষ্কার হয় খ্রীষ্টপূর্ব ৩৪৫০ সনে, মধ্যপ্রাচ্যে।
- (২) নীল তিমি পৃথিবীর বৃহত্তম জীবা কিন্তু কত বড়? নীলতিমির হৃদপিণ্ড মধ্যম আকৃতির গাড়ির সমান এবং জিহ্বার দৈর্ঘ্য একটি হাতের দৈর্ঘ্যের সমান।
- (৩) চা এর আবিষ্কার হয় খ্রীষ্টপূর্ব ২৭৩৭ সালে, চীনে।
- (৪) কুমীরের লালারস ছোটো আকৃতির ইম্পাতের পিন পর্যন্ত গলাতে পারে।
- (৫) তুর্কির ইস্তাম্বুল শহর বিশ্বের একমাত্র শহর দুটি মহাদেশের মাঝখানে অবস্থিত।
- (৬) ১৮৭৩ সালে প্রথম 'কলগেট' টুথপেস্ট তৈরি হয় যা টিউবের বদলে জারে সংরক্ষিত হতো।
- (৭) পৈয়াজের মধ্যে অ্যামাইনো অ্যাসিড সালফোজাইড থাকে। যখন পৈয়াজ কাঁটা হয় তখন তা সালফেনিক অ্যাসিডে পরিবর্তিত হয় যা চোখে জ্বলনের সৃষ্টি করে।
- (৮) আগ্নেয়াস্ত্র আমদানির ক্ষেত্রে ভারতের স্থান দ্বিতীয়।
- (৯) "FACETIOUS" এবং "ABSTEMIOUS" হল এমন দুটি শব্দ যেখানে থাকা vowel গুলো সঠিক ক্রমে সজ্জিত।
- (১০) মানুষের শরীরের শুষ্ক ওজনের ১০% শুধু মানুষের শরীরে থাকা ব্যাকটেরিয়ার শুষ্ক ওজন।

(তথ্যসূত্র: Internet)



"বেড়ার নিয়ম ডালনেই  
পথের আপন নিয়ম বেয়িয়ে পড়ে,  
নইলে এগোবো কি করে।"  
-রবীন্দ্রনাথ ঠাকুর

**GROWING SEED**  
**DHARMANAGAR, TRIPURA NORTH**



facebook.com/growingseedinfo



@growingseed1



growingseed-growingseed.blogspot.com



50